পশ্চিমবঙ্গে কৃষকের আর্থ-সামাজিক উন্নয়নের জন্য রাজ্য ও কেন্দ্রীয় সরকার অনেক প্রশিক্ষণ কর্মসূচি নিয়েছে। এগুলির লক্ষ্য শুধুমাত্র আধুনিক কৃষি প্রযুক্তি শেখানো নয়, বরং যুব সম্প্রদায়, স্বনির্ভর গোষ্ঠী (SHG), আর ক্ষুদ্র ও প্রান্তিক চাষিদের দক্ষতা ও উপার্জনের ক্ষমতা বাড়ানো। নীচে জেলার ভিত্তিতে গুরুত্বপূর্ণ কিছু প্রশিক্ষণ কেন্দ্র ও তাদের কোর্স তুলে ধরা হলো।

**১. রাজ্য কৃষি ব্যবস্থাপনা ও প্রশিক্ষণ কেন্দ্র (SAMETI), উত্তর ২৪ পরগনা :**

SAMETI-State Agricultural Management Extension Training Institute-এর আওতায় নরেন্দ্রপুর অ্যাগ্রিকালচারাল ট্রেনিং সেন্টারের অধীন রামকৃষ্ণ মিশনের মাধ্যমে এটি পরিচালিত হয়। SAMETI-র মূল উদ্দেশ্য হলো রাজ্যজুড়ে কৃষি ও কৃষি-সহায়তাকারী কার্যক্রমে দক্ষতা বাড়ানোর জন্য (extension) আধুনিক প্রশিক্ষণ ও মানবসম্পদ উন্নয়ন কর্মসূচি চালানো।

**প্রধান কার্যক্রম ও প্রশিক্ষণ কোর্স:**

**(১) ডিপ্লোমা ইন অ্যাগ্রিকালচারাল এক্সটেনশন সার্ভিস ফর ইনপুট ডিলার (DAESI)**

- সময় : ১ বছর
- উপযোগী : উচ্চমাধ্যমিক পাশ কৃষি উপকরণ বিক্রেতা ডিলারদের জন্য।

**(২) অ্যাগ্রি ক্লিনিক ও অ্যাগ্রি বিজনেস সেন্টার (AC-ABC)**

- সময়কাল: ২ মাস
- উদ্দেশ্য: কৃষি ও সংশ্লিষ্ট খাতে উদ্যোক্তা তৈরিতে সহায়তা

**(৩) সার্টিফিকেট ইন অ্যাগ্রিকালচার**

- সময়কাল: ৬ মাস
- লক্ষ্য: গ্রামীণ যুবকদের জন্য বিশেষ প্রশিক্ষণ, যা Dept. of Agriculture এর মাধ্যমে স্পন্সর্ড।

(৪) কম সময়ে বিভিন্ন প্রশিক্ষণ কর্মশালা : পলি হাউস, মাশরুম, জৈব সার, আর্টিফিশিয়াল ইনসিমিনেশন, মাছ, মধু, প্রাণিসম্পদ সংক্রান্ত ছাগল ও হাঁস-মুরগি পালন।

(৫) নবীন প্রযুক্তি ও উদ্ভাবনী টুল ব্যবহারে প্রশিক্ষণ : "Kisan Drone Technology" নিয়ে awareness & training programme অনুষ্ঠিত হয়েছে নরেন্দ্রপুরে।

যোগাযোগ: রামকৃষ্ণ মিশন আশ্রম, নরেন্দ্রপুর, কলকাতা, পশ্চিমবঙ্গ, ভারত। ফোন নম্বর: ২৪৭৭ ০৭১৫ ইমেইল: sametiwbrkm@gmail.com ওয়েবসাইট: sametiwb.org

**২. বিভিন্ন ব্লকে কৃষি প্রশিক্ষণ কেন্দ্র (ATC)**

ATC বা Agricultural Training Centre হলো রাজ্য সরকারের কৃষি দফতরের অধীন এক প্রশিক্ষণ কেন্দ্র, যা পশ্চিমবঙ্গের প্রায় প্রতিটি জেলার ব্লক স্তরে বা মহকুমা স্তরে রয়েছে। এর মূল উদ্দেশ্য হলো গ্রামাঞ্চলের কৃষকদের হাতে-কলমে আধুনিক কৃষি-প্রযুক্তি শেখানো ও উৎপাদন বাড়ানোয় সাহায্য করা।

**প্রশিক্ষণ বিষয়বস্তু:**

কৃষি প্রশিক্ষণ কেন্দ্রগুলোতে সাধারণত যে বিষয়গুলিতে প্রশিক্ষণ দেওয়া হয়, সেগুলি হলো —

| প্রশিক্ষণের বিষয় | বিবরণ |
|---|---|
| উন্নত ধান ও গম চাষ | HYV বীজ ব্যবহার, সার ও সেচ ব্যবস্থাপনা |
| সবজি ও ফল চাষ | মরসুমি ও অফ-সিজন সবজি চাষ পদ্ধতি |
| জৈব ও প্রাকৃতিক কৃষি | জৈব সার, বায়োফার্টিলাইজার, ভ্যার্মিকম্পোস্ট বীজ উৎপাদন ও সংরক্ষণনিজস্ব বীজ তৈরি ও প্রক্রিয়াকরণ |
| পাল্টা ফসল ও ফসল চক্র | জমির দক্ষ ব্যবহারের কৌশল |
| নার্সারি ব্যবস্থাপনা | চারা উৎপাদন ও বিক্রির মাধ্যেমআয় |
| কৃষি যন্ত্রপাতি ব্যবহারে প্রশিক্ষণ | পাওয়ার টিলার, স্প্রেয়ার ইত্যাদি চালানো ও রক্ষণাবেক্ষণ |
| মাশরুম ও মৌ চাষ | ক্ষুদ্র চাষির জন্য আয়মূলক উদ্যোগ |
| ফসল বিমা ও কৃষি ঋণ | সরকারি স্কিমে সুবিধা গ্রহণের পদ্ধতি |

**প্রশিক্ষণ কোথায় হয় :** প্রতিটি ব্লক কৃষি আধিকারিকের **(Assistant Director of Agriculture)** দফতরের অধীনে। অনেক সময় **KPS (Krishi Prayukti Sahayak)** বা **Field Demonstrator**-রা মাঠপর্যায়ে প্রশিক্ষণ দেন। গ্রামীণ কৃষি বিদ্যালয় **(Farm School), Krishi Mela** এবং **SHG** সমিতি মারফত দলগত প্রশিক্ষণ হয়।

**প্রশিক্ষণ সময়কাল:** সাধারণ কৃষি প্রশিক্ষণ হয় ১ দিন থেকে ৭ দিন। বিশেষ বিষয় ভিত্তিক ট্রেনিং হয় ১৫ দিন থেকে ১ মাস। ফার্মার ট্রেনিংয়ের স্কিম ৩ মাস পর্যন্ত। SHG/মহিলা গোষ্ঠী প্রশিক্ষণ ৭-১০ দিন।

**যোগাযোগের উপায়:** নিজের এলাকার **BDO অফিস** বা ব্লক কৃষি অফিসে যোগাযোগ করুন অথবা সংশ্লিষ্ট KVK বা ATMA (Agricultural Technology Management Agency) দফতরের সঙ্গে যোগাযোগ করুন।

**৪. Central Institute of Freshwater Aquaculture (CIFA), কলকাতা কেন্দ্র**

CIFA-এর কলকাতা কেন্দ্র ও উপকেন্দ্রগুলো স্থানীয় কৃষক, মৎস্যচাষি, যুব সমাজ আর মহিলাদের আধুনিক মৎস্য প্রযুক্তির সঙ্গে পরিচিত করে তুলছে। লক্ষ্য, শুধু উৎপাদন বাড়ানো নয়, বরং নতুন উদ্যোক্তা তৈরি করা ও প্রযুক্তির ব্যবহারিক জ্ঞান ছড়িয়ে দেওয়া।

**প্রশিক্ষণের প্রধান বিষয়বস্তু :** (১) মাছের প্রজনন ও হ্যাচারি ম্যানেজমেন্ট : রুই, কাতলা, মৃগেল, পাবদা, শিঙ্গি, মাগুর ইত্যাদির বংশবৃদ্ধি পদ্ধতি। (২) অর্নামেন্টাল ফিশ ফার্মিং : রঙিন মাছের পালন, ব্রিডিং ও বিপণন কৌশল। (৩) জৈব ও ইন্টিগ্রেটেড মৎস্য চাষ : মাছের সঙ্গে হাঁস, ধান, সবজি চাষের সমন্বিত পদ্ধতি। (৪) Biofloc প্রযুক্তি : সীমিত জায়গায় অধিক উৎপাদনের জন্য জল পুনর্ব্যবহৃত পদ্ধতি। (৫) মাছের রোগ ও চিকিৎসা : জলজ প্রাণির স্বাস্থ্য পরিচর্যা ওপ্রতিরোধ পদ্ধতি। (৬) ফার্ম-মেইড ফিড প্রস্তুতি উন্নত জল ব্যবস্থাপনা : স্বল্প ব্যয়ে নিজে ফিড বানানো জল মান যাচাই, অক্সিজেন, পিএইচ, TDS নিয়ন্ত্রণ শেখানো।

**প্রশিক্ষণের সময়কাল:** (১) সংক্ষিপ্ত প্রশিক্ষণকাল ৩-৫ দিন। ফী : ৫০০-১০০০ টাকা। (২) বিশেষ থিমভিত্তিক প্রশিক্ষণকাল ৭ দিন। ফী : ২০০০-৫০০০ টাকা। (৩) মহিলা/SHG গ্রুপ প্রশিক্ষণকাল ৩ দিন। বিনামূল্যে বা কম খরচে। (৪) Youth Skill Training ১০-১৫ দিন। ICAR-এর স্কিমের আওতায়।

স্থানীয় কৃষক/মৎস্যচাষী, স্বনির্ভর গোষ্ঠীর (SHG) সদস্যরা, যুবক ও মহিলারা ১৮-৪৫ বছর বয়সি মাছের উদ্যোক্তা হতে আগ্রহী ব্যক্তিরা এই ট্রেনিং নিতে পারেন।

**প্রশিক্ষণ হয় এইসব কেন্দ্রে :** (১) রহড়া কেন্দ্র, ঠিকানা: রহড়া, কলকাতা-৭০০১১৮, ইমেল: rahara_cifa@rediffmail.com, ফোন: ০৩৩-২৫৬৮-৩০২৩। (২) কল্যাণী ফিল্ড স্টেশন, ঠিকানা: A/5, Santal Para, Phase-III, Kalyani, Nadia - 741235, ইমেল: cifakalyanigmail.com

**৫. PaschimBanga Society for Skill Development (PBSSD) পরিচিতি**

রাজ্য সরকারের Technical Education, Training Skill Development Dept.-এর মাধ্যমে রাজ্যের বিভিন্ন পর্যায়ে যুব ও কৃষকদের জন্য দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ দিয়ে চাকরি ও উদ্যোক্তা তৈরিতে সহায়তা করা হয়।

**"Utkarsh Bangla"** স্কিমের আওতায় Organic Grower, Mushroom Grower (Small Entrepreneur), ও Vermicompost Producer কোর্স পড়ানো হয়।

প্রতি কোর্সে প্রায় ২০-৬০ জন অংশগ্রহণকারীর জন্য প্রাথমিক পর্যায়ে ভর্তি করা হয়।

**প্রশিক্ষণের বিবরণ :** (১) Organic Grower কোর্সে জৈব চাষ পদ্ধতি শেখানো হয়। ক্লাস ফাইভ পাশ হলে যোগ্য।

(২) Mushroom Grower কোর্সে মাশরুম চাষে উদ্যোক্তা তৈরির ট্রেনিং দেওয়া হয়। ক্লাস এইট পাশ হলে যোগ্য।

(৩) Vermicompost কোর্সে কম্পোস্ট ও বায়োফার্টিলাইজেশন শেখানো হয়। ক্লাস ফাইভ পাশ হলে যোগ্য।

**অংশগ্রহণ ও যোগাযোগ :**

1. "Utkarsh Bangla" ওয়েব পোর্টালে রেজিস্ট্রি করুন ও জেলা-ভিত্তিক কোর্স দেখে আবেদন করুন ।
2. জেলা প্রশাসনের PBSSD বা Training Providers/Centres (TTP)-এর সঙ্গে সরাসরি যোগাযোগ করুন (ওয়েবসাইটে নাম/ফোন পাওয়া যায়)
3. আপনার জেলা ও ব্লকে PBSSD সক্রিয় কিনা, তা জেলা ও PBSSD অফিসারদের সাথে স্পষ্টভাবে যাচাই করুন।

**৬. প্রতিটি জেলাতেই আছে কৃষি বিজ্ঞান কেন্দ্র।**

কৃষি বিজ্ঞান কেন্দ্র (KVK) হল Indian Council of Agricultural Research (ICAR) কর্তৃক পরিচালিত কৃষি সম্প্রসারণ ও প্রশিক্ষণ কেন্দ্র। প্রতিটি জেলায় ১টি করে KVK রয়েছে, যেখান থেকে কৃষক, কৃষি উদ্যোক্তা, মহিলা ও যুবকদের কৃষি, পশুপালন, মৎস্য ও বনায়ন সংক্রান্ত হাতে-কলমে বিজ্ঞানসম্মত প্রশিক্ষণ দেওয়া হয়।

**KVK-এর মূল লক্ষ্য:** (১) আধুনিক কৃষি প্রযুক্তি মাঠ পর্যায়ে পৌঁছে দেওয়া, (২) কৃষকদের সমস্যা নিরসন ও পরামর্শ প্রদান, (৩) দক্ষতা বৃদ্ধি ও আয়ের নতুন দিশা তৈরি, (৪) স্থানীয় সম্পদ ব্যবহার করে স্বনির্ভরতা গড়ে তোলা।

**প্রশিক্ষণের বিষয়বস্তু:** (১) ফসল চাষে উচ্চফলনশীল জাত, ধান, গম, ডাল ও তৈলবীজ চাষ শেখানো হয়। (২) বাগান পরিচর্যায় ফল ও সবজি চাষ, নার্সারি তৈরি, ছায়া জাল, গ্রাফটিং শেখানো হয়। (৩) পশুপালন কাজে উন্নত জাতের গোরু, ছাগল, হাঁস-মুরগি পালন শেখানো হয়। (৪) মৎস্য চাষে পুকুর সংস্কার, মাছের বীজ, পলিকালচার, ফিড তৈরি শেখানো হয়। (৫) জৈব কৃষিতে ভার্মি কম্পোস্ট, জৈব সার, বায়োফার্টিলাইজার তৈরি শেখানো হয়। (৬) মহিলা প্রশিক্ষণে হ্যান্ডি ফুড প্রসেসিং, মাশরুম চাষ, মোমবাতি, আগরবাতি তৈরি শেখানো হয়। (৭) বাজার সংযোগে FPO, সরাসরি বাজার, কৃষি বিপণন, ব্র্যান্ডিং শেখানো হয়।

**প্রশিক্ষণের ধরন:** (১) কম সময়ের প্রশিক্ষণ হয় ১-৩ দিন। স্থানীয় কৃষকরা ট্রেনিং নিতে পারেন। (২) উন্নত প্রশিক্ষণ হয় ৫-৭ দিন। যুবক ও স্বনির্ভর গোষ্ঠীর সদস্যরা ট্রেনিং নিতে পারেন।

| জেলা | কৃষি বিজ্ঞান কেন্দ্র |
|---|---|
| উত্তর ২৪ পরগনা | KVK, Bidhan Chandra KrishiViswavidyalaya, Ashokenagar |
| দক্ষিণ ২৪ পরগনা | KVK, Ramakrishna Mission, Narendrapur |
| নদীয়া | KVK, BCKV, Chakdaha |
| পূর্ব মেদিনীপুর | KVK, Haldia |
| বাঁকুড়া | KVK, Susunia, BCKV |
| মালদা | KVK, GourBanga University |
| মুর্শিদাবাদ | KVK, Nabagram |

**কীভাবে প্রশিক্ষণে অংশ নেবেন :**

(১) নিজের জেলার KVK-তে সরাসরি যোগাযোগ করুন। (২) কৃষি দপ্তর / ATMA / BDO অফিসে খোঁজ নিন। (৩) KVK-এর ফেসবুক পেজ / ওয়েবসাইটে নিয়মিত বিজ্ঞপ্তি দেখুন। (৪) কৃষক ক্লাব, SHG বা সমবায় সংস্থার মাধ্যেম দলে অংশ নিতে পারেন।

**যোগাযোগ:**

- https://kvk.icar.gov.in - এই ওয়েবসাইটে সব জেলার KVK-এর ঠিকানা ও ফোন নম্বর দেওয়া আছে
- প্রত্যেক KVK-এর Programme Coordinator-এর কাছ থেকে প্রশিক্ষণ বিষয়ে বিস্তারিত জানতে পারবেন।

**৭. পশ্চিমবঙ্গ প্রাণিসম্পদ উন্নয়ন নিগম**

পশ্চিমবঙ্গ প্রাণিসম্পদ উন্নয়ন নিগমে কৃষকদের জন্য পোলট্রি, হাঁস, শূকর ও দুগ্ধজাত পশু পালন, খামার ব্যবস্থাপনা আর উদ্যোক্তা গড়ার ট্রেনিং দেওয়া হয়। এই প্রশিক্ষণগুলো কর্মসংস্থানমুখী, ব্যবহারিক, এবং অনেকক্ষেত্রে সাবসিডি বা সরাসরি প্রকল্পে অংশগ্রহণের সুযোগ দেয়।

**প্রশিক্ষণের বিশেষ বৈশিষ্ট্য:**

হাতে-কলমে প্র্যাকটিক্যাল ট্রেনিং — খাঁচা, ফিড, জল, টিকা সব বাস্তবে দেখানো হয়। কোর্স শেষে সরকার স্বীকৃত সার্টিফিকেট দেওয়া হয়। সফল হলে লাইভ প্রজেক্ট/মডেল ইউনিট বা ঋণ নিতে সহায়তা করা হয়। কিছু দীর্ঘমেয়াদি কোর্সে থাকার ও খাওয়ার ব্যবস্থা থাকে।

**প্রশিক্ষণ কোথায় হয় :**

(১) Academy of Animal Resources Management (AARM), Kalyani.

(২) WBLDCL-এর বিভিন্ন ফার্ম ও প্রকল্প এলাকায় (যেমন- Haringhata, Nadia, Jalpaiguri, North Parganas)।

যোগ্যতা: ন্যূনতম ১০ম/১২শ পাশ (বিভিন্ন কোর্স অনুযায়ী)। বয়সসীমা: সাধারণত ১৮-৪৫ বছর। কেউ কেউ শুধু প্রাথমিক শিক্ষিত হলেও অংশ নিতে পারেন (হাঁস-মুরগি কোর্সে)। কিছু কোর্সে অবশ্য ড্রাইভিং লাইসেন্স ও শারীরিক সক্ষমতা প্রয়োজন।

**যোগাযোগ:**

- **ওয়েবসাইট:** www.wbldc.in
- **ইমেইল:** aarmwbldc.in
- **ফোন:** (০৩৩) ২৫৮৯ ২০০১ / ৮৯৪২৮ ২৩৭১২
- **ঠিকানা:** Academy of Animal Resources Management (AARM), কল্যাণী, নদীয়া, পশ্চিমবঙ্গ।

## কেরিয়ার ফেয়ার

১ পাতার পর

করা যাবে, অথবা চাকরির চাহিদা অনুযায়ী কোন— প্রফেশনাল কোর্স পড়ে ভালো মাইনের চাকরি পাওয়া যায়। এছাড়াও, কোথায় কোথায় ইঞ্জিনিয়ারিং বা, ডাক্তারি কোর্স পড়ানো হয় কিংবা পেশাদার কোর্স যেমন, প্যারা মেডিক্যাল কোর্স, নার্সিং, হোটেল ও হসপিটাল ম্যানেজমেন্ট কোর্স, হসপিটালিটি ম্যানেজমেন্ট, আই.টি.আই, ডিপ্লোমা, বি.বি.এ., বি.সি.এ., হসপিটাল ম্যানেজমেন্ট, অ্যাভিয়েশন, অ্যানিমেশন, কোডিং, ওয়েব ডিজাইনিং, সফটওয়্যার টেস্টিং, ডিজিটাল মার্কেটিং, ডেটা অ্যানালিটিক্স, ইউ.আই / ইউ. এক্স ডিজাইন, অ্যাগ্রিকালচার, সফটস্কিল সংক্রান্ত ইত্যাদি কোর্স পড়ানো হয়, এইসব কোর্সের ভবিষ্যতই-বা কেমন ইত্যাদি বিষয় নিয়ে সরাসরি সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় ও কলেজ কর্তৃপক্ষর সঙ্গে কথা বলতে 'কেরিয়ার ফেয়ার'এর ব্যবস্থা হয়েছে। সারা দেশে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের চাকরির প্রেক্ষাপট কীভাবে বদলাচ্ছে, কোন-কোন ক্ষেত্রে চাকরির সুযোগ বাড়ছে, আগামী দিনে কোন-কোন চাকরি আপনার উন্নতির সোপান হয়ে উঠবে — আর সেজন্য কীভাবে নিজেকে তৈরি করে নিতে হবে, তার-ই গাইডেন্স পাবেন এই 'কেরিয়ার ফেয়ার' থেকে।

**কর্মসংস্থান** ও **Appointment & Career News**-এর উদ্যোগে ১৮ ও ১৯ জুলাই, শুক্র ও শনিবার নদিয়া জেলার কল্যাণী শহরের দ্য গ্র্যান্ড আরিয়ান হোটেলে (কল্যাণী স্টেডিয়াম) এই 'কেরিয়ার ফেয়ার' হচ্ছে। উপস্থাপনায় 'সুখবর' দৈনিক পত্রিকা।

২ দিনের এই কেরিয়ার ফেয়ারে বিশেষজ্ঞরা জানাবেন মাধ্যমিক, উচ্চমাধ্যমিক বা ডিগ্রি কোর্স পাশ করার পর কোন কোন সরকারি চাকরির পরীক্ষা দেওয়া যায়, কীভাবে ওইসব পরীক্ষায় সফল হওয়া যায়। পাশাপাশি বাজারের চাহিদা অনুযায়ী কোন কোন পেশাদার বা বৃত্তিমূলক কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়া যায়, কোথায় কীভাবে উজ্জ্বল কেরিয়ার গড়া যায়, কোর্স পড়ার জন্য কীভাবে ব্যাঙ্ক থেকে ঋণ পাবেন — এইসব নানা জরুরি পরামর্শ দিতে থাকছেন নানা শিক্ষা প্রতিষ্ঠান ও সংস্থার প্রধানরা। থাকছে রাজ্য ও দেশের প্রথম সারির ডিগ্রি, ডিপ্লোমা, আই.টি.আই., নার্সিং, প্যারামেডিক্যাল, ফার্মাসিউটিক্যাল, অ্যাগ্রিকালচার-সহ অন্যান্য টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল কলেজ আর সরকারি চাকরির কোচিং ইনস্টিটিউটের আউটলেট। এছাড়াও থাকবে বিভিন্ন পেশাগত কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষার কোচিং কোথায় পড়ানো হয়। বিনা খরচায় এমন সুবর্ণ সুযোগ আর মিলবে না। ২ দিনের এই কেরিয়ার ফেয়ারে যে কেউ আসতে পারেন। কোনো প্রবেশ মূল্য নেই। উপরন্তু থাকছে ফ্রি গিফট ও টিফিনের ব্যবস্থা। এখনই আগাম নাম নথিভুক্ত করার জন্য আর এই কেরিয়ার ফেয়ার নিয়ে বিশদে জানতে ফোন করুন এই নম্বরে : ৬২৯১৬৮৪৯৪৩।

এই কেরিয়ার ফেয়ারে 'কর্মসংস্থান' পত্রিকা, 'সাফল্য' পত্রিকা, 'Appointment & Career News' ও দৈনিক 'সুখবর' পত্রিকার স্টল থাকবে। কেরিয়ার সংক্রান্ত কোনো জিজ্ঞাসা থাকলে সরাসরি আমাদের স্টল থেকে জানতে পারবেন।

# ওয়াক-ইন-ড্রাইভের মাধ্যমে ১০০ জনের সরাসরি চাকরি




**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** ৫ জুলাই শনিবার দেশের অন্যতম নামী আইটি কোম্পানি ওয়েবস্কিটার্স টেকনোলজি সলিউশনের উদ্যোগে ওয়াক-ই-ড্রাইভ হল। রাজ্য সহ দেশের বিভিন্ন শহর থেকে ১ হাজার এর বেশী ছেলেমেয়েরা এসেছিল। সকাল ৭ টা থেকে দুপুর ৩টে পর্যন্ত সংস্থার সল্টলেক অফিসে এই ড্রাইভ চলেছিল। সবার উৎসাহ ছিল চোখের পড়ার মত। ফাইনাল রাউন্ডের পর ১০০ জন ছেলেমেয়েকে বেছে নেওয়া হয়। সংস্থার ডিরেক্টর অতনু সরকার, আইটি'র ক্ষেত্রে চাকরীর হাল-হকিকত ও তার জন্য প্রয়োজনীয় বিশেষ প্রস্তুতির ব্যাপারে বিশদে জানান। যারা প্রথম ১০০ জনের মধ্যে র‍্যাঙ্ক করেনি, তাদের স্কিল ডেভেলপমেন্টের ব্যাপারে গুরুত্বপূর্ণ পরামর্শ দেন অতনু। উল্লেখ্য, যারা প্রথম ১০০ জনের মধ্যে র‍্যাঙ্ক পায়নি, তাদের জন্য এই প্রতিষ্ঠান একটি বিশেষ অফার দিয়েছে। এই ছেলেমেয়েরা আইটি বা সফটওয়্যার ক্ষেত্রের প্রথম সারির বিভিন্ন স্কিলফুল চাকরি কিভাবে পেতে পারে, তা জানানোর জন্য একটি বিশেষ ধরনের ইন্ডাকশন প্রোগ্রামের ব্যবস্থা করেছে ওয়েবস্কিটার্স। এই ব্যাপারে বিশদে জানান সংস্থার ভাইস প্রেসিডেন্ট সুমন ভট্টাচার্য। তিনি আরো জানান, 'এই ইন্ডাস্ট্রিতে কাজের সুযোগ প্রচুর। শুধুমাত্র নিজেকে গড়ে তুলতে হবে সময়োপযোগী কোর্স করে।' বিশদ জানতে যোগাযোগ করুন এই নম্বরে : ৭৫৯৫৮৮০১৩৪।

# গ্র্যাজুয়েশনের পর ট্যাক্স কনসালটেন্সি

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** অনেকেই চাকরির ঝক্কি-ঝামেলা এড়াতে স্বনির্ভর পেশা বেছে নেওয়াই ঠিক বলে মনে করেন । কিন্তু পেশা বাছার আগে মাথায় রাখতে হবে, তার ভবিষ্যৎ কী? এখন বিভিন্ন আইন আমূল বদলে যাওয়ায় 'অ্যাকাউন্টিং আর ট্যাক্সেশন'-এ কাজের চাহিদা তুঙ্গে। তাই ট্যাক্স কনসালটেন্সি এমনই এক স্বনির্ভর পেশা, যার চাহিদা আগেও ছিল, এখনো আছে আর ভবিষ্যতেও উত্তরোত্তর বাড়বে। ছোটো ব্যবসায়ী থেকে শুরু করে সাধারণ মধ্যবিত্ত সকলেই চান কর দিয়ে শান্তিতে দিন কাটাতে। স্বাভাবিকভাবেই অত্যন্ত প্রাসঙ্গিক হয়ে পড়েছে ট্যাক্স কনসালট্যান্ট ও ই-অ্যাকাউন্ট্যান্টদের প্রয়োজনীয়তা। আগে শুধুমাত্র আইনজীবী, কস্ট অ্যাকাউন্ট্যান্ট বা চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টরাই এই কাজ করতেন। কিন্তু এখন সাধারণ গ্র্যাজুয়েটরাও অত্যন্ত দক্ষতার সঙ্গে এই কাজ করছেন।

কোর্স শেষে নিশ্চিত ভবিষ্যৎ
TCE BENGAL TAX COUNSEL
শুধু পড়ায় না শেখায়

এই সংক্রান্ত কাজ করতে গেলে এই দুটি বিষয়ে জ্ঞান থাকা জরুরি : (১) অ্যাকাউন্টস, (২) ট্যাক্স। এই দুটি বিষয়ের ওপর ২৪ বছর ধরে 'প্রফেশনাল সার্টিফিকেট ইন অ্যাকাউন্টিং অ্যান্ড ট্যাক্সেশন' (পিসিএটি) কোর্স করাচ্ছে এই বিষয়ে রাজ্যের অন্যতম সেরা সংস্থা — বেঙ্গল ট্যাক্স কাউন্সেল। এই কোর্স কারা করতে পারবেন? আইনজীবী তথা বেঙ্গল ট্যাক্স কাউন্সেলের অধ্যক্ষ সন্দীপ দত্ত বললেন, 'আইন বা বাণিজ্য শাখার গ্র্যাজুয়েটরা এই কোর্সে ভরতি হতে পারেন। আর অন্য শাখার গ্র্যাজুয়েট হলে, তাঁকে শুধুমাত্র অ্যাকাউন্টস শিখে নিতে হবে, যা এই প্রতিষ্ঠান থেকেও করা যেতে পারে অথবা বাইরে থেকেও শিখে আসতে পারেন। চাকরিজীবীরাও এই কোর্সে ভরতি হতে পারেন। ১ বছরের পিসিএটি কোর্সে জিএসটি, আয়কর, প্রফেশন কর, ইএসআই, প্রভিডেন্ট ফান্ড, ই-টিডিএস, ই-ফাইলিং আর সংশ্লিষ্ট বিষয়ে কম্পিউটার প্যাকেজ অর্থাৎ ট্যালি,প্রাইম শেখানো হয়। সহজ কিস্তিতে কোর্স ফী দেওয়ার ব্যবস্থা আছে। এই কোর্স শেষ করে ট্যাক্স কনসালট্যান্ট হিসাবেও কাজ করতে পারেন।' অল ইন্ডিয়া ট্যাক্সেশন সিস্টেমে ই-ফাইলিং চলে আসায় ট্যাক্স কনসালটেন্ট এবং ই-অ্যাকাউন্ট্যান্টদের চাহিদা এখন আকাশছোঁয়া। সবাই বলেন চাকরি নেই, চাকরি নেই! আমরা বলি, কাজ রয়েছে, কাজ জানা মানুষ নেই। বর্তমানে জনসাধারণ ও ব্যবসায়ী মহল যেভাবে কর প্রদান করার জন্য এগিয়ে আসছেন সেই কারণে অ্যাকাউন্টস এবং ট্যাক্স কনসালট্যান্ট হিসেবে কাজ করার মাধ্যমে এক বিশাল কর্মসংস্থানের সুযোগ তৈরি হয়েছে। বিকম ও ল'এর সিলেবাসে ট্যাক্স কনসালটেন্সির হাতে-কলমে প্রশিক্ষণের তেমন কোনো সুযোগই থাকে না। কিন্তু, আমরা বেঙ্গল ট্যাক্স কাউন্সেলর জোর দিয়েছি ঠিক এই জায়গাতে। এই প্রতিষ্ঠানে পিসিএটি কোর্সে ২ বার ভরতি নেওয়া হয়। এই কোর্সে ভরতি হওয়ার শেষ দিন ১৪ আগস্ট। মাত্র ১ বছরের মধ্যেই এই প্রফেশনাল কোর্স করে কীভাবে দাঁড়ানো যায়, তা সরাসরি জানতে যোগাযোগ করুন এই নম্বরে ৯৩৩১০৬২৭৩৩, ৯৩৩৯৮২২৫৯১ অথবা সরাসরি চলে আসুন এই ঠিকানায়: ১১, আনন্দ পালিত রোড, কলকাতা - ৭০০০১৪।

# CBSE স্কুলে শিক্ষক নিয়োগ

**নিজস্ব সংবাদদাতা, রঘুনাথগঞ্জ :** মুর্শিদাবাদের রঘুনাথগঞ্জের CBSE অনুমোদিত ইংলিশ মিডিয়ামের কমল কুমারী দেবী মডেল স্কুলে পোস্ট গ্র্যাজুয়েট টিচার, ফিমেল হস্টেল ওয়ার্ডেন, ড্যান্স টিচার , অ্যাকাউট্যান্ট / ক্যাশিয়ার, অফিস স্টাফ, পিওন, প্রিন্সিপল, ভাইস প্রিন্সিপল (প্রি-প্রাইমারি ও প্রাইমারি সেকশন) / টিআইসি পদে লোক নেওয়া হবে।

ফিজিক্স, কেমিস্ট্রি, কম্পিউটার সায়েন্স, গণিত, ইংলিশ, সোসিওলজি ও হিন্দি বিষয়ের পোস্ট গ্র্যাজুয়েটরা 'পোস্ট গ্র্যাজুয়েট টিচার' পদে আবেদনের যোগ্য। B.Ed. / D.El.Ed. কোয়ালিফিকেশন থাকলে ভালো হয়। প্রার্থীর সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা ও ভালো কমিউনিকেশন স্কিল থাকতে হবে। অন্যান্য পদের বেলায় যোগ্যতা ও সব পদের বেলায় বয়স হতে হবে CBSE বোর্ড-এর নিয়মানুযায়ী। বেতন হবে প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতার ওপর। সব পদের ক্ষেত্রেই ইংরেজিতে কথা বলতে সাবলীল হতে হবে। প্রার্থীদের সিভি পাঠাতে হবে এই নম্বরে ওয়াটসঅ্যাপ করে : 9144400872 অথবা এই ই-মেল আইডিতে ই-মেল করে : kkdmsrecruitment72@gmail.com

# রেলে ৩,১১৫ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

প্রতিবন্ধীরা ১০ বছর আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। সব ট্রেডই ১ বছরের। এই পদের বিজ্ঞপ্তি নং : RRC-ER/Act Apprentices/ 2025-26, Date: 01-07-2025..

১৯৬১ সালের অ্যাপ্রেন্টিস আইন ও ১৯৯২ সালের অ্যাপ্রেন্টিস নিয়মানুযায়ী ট্রেনিং। তখন স্টাইপেন্ড পাবেন। হস্টেল নেই। ট্রেনিং শেষে চাকরি পাওয়ার সম্ভাবনা থাকলেও কোনো বাধ্যবাধকতা নেই। মাধ্যমিকে পাওয়া নম্বর দেখে ও আই.টি.আই. কোর্স পাশের সার্টিফিকেট ও অন্যান্য প্রমাণপত্র দেখে প্রাথমিকভাবে বাছাই প্রার্থীদের মেধা তালিকা তৈরি করে সার্টিফিকেট ভেরিফিকেশনের জন্য ডাকা হবে। কোনো লিখিত পরীক্ষা বা, ইন্টারভিউ হবে না। উচ্চ শিক্ষাগত যোগ্যতা থাকলে বাড়তি কোনো সুযোগ পাবেন না। মোট শূন্যপদের ১.২৫ গুণ প্রার্থীকে সার্টিফিকেট ভেরিফিকেশনের জন্য ডাকা হবে। দরখাস্ত করবেন অনলাইনে। এই ওয়েবসাইটে : www. rrcer.com, www.er.indianrailways.gov.in কবে থেকে দরখাস্ত নেওয়া হবে তা ওই ওয়েবসাইটে পাবেন।

সুবর্ণ সুযোগ
ন্যাশনাল কাউন্সিল অফ এডুকেশন এবং ট্রেনিং-এর শিক্ষামূলক প্রজেক্টে যুক্ত হয়ে আপনার / আপনার সংস্থার সুনাম সম্মান পরিচিতি এবং ইনকাম বাড়াতে চান? কোনো ইনভেস্টমেন্ট ছাড়া? শীঘ্রই আপনার নাম ও ঠিকানা
হোয়াটসঅ্যাপ করুন : 8101878008

# নিজের রোজগারে ট্রেনিং নিয়ে দেশ-বিদেশের পাঁচতারা হোটেলে সরাসরি চাকরি



**নিজস্ব সংবাদদাতা, ব্যারাকপুর :** কেন্দ্রীয় সরকার ও ISO স্বীকৃত রাজ্যের অন্যতম সেরা হোটেল ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান তথা Central Institute of Hotel and Hospitality Management College (CIHM) থেকে ছেলেমেয়েরা খুব সহজেই স্কলারশিপের মাধ্যমে কম খরচে নিজের রোজগারে পড়াশুনা করার পর স্পেশালাইজড ট্রেনিং নিয়ে দেশে ও বিদেশের পাঁচতারা হোটেলে সরাসরি কাজ করতে পারবেন। সেলিব্রিটি শেফ সঞ্জীব কাপুরের হাত থেকে পাওয়া বিশেষ পুরস্কারে ভূষিত এই প্রতিষ্ঠান ভালো প্যাকেজের প্লেসমেন্টের ব্যাপারে এখন রাজ্যের অন্যতম সেরা। কারণ এখানকার প্লেসমেন্টসেল সারা বছর জুড়ে দেশ ও বিদেশের প্রথম সারির পাঁচতারা হোটেল (Taj, Marriott, Hyatt, ITC ইত্যাদি) ও ক্রুজলাইনারদের সঙ্গে এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করে রাখে যে এখান থেকে পাশ করার পরই ছেলেমেয়েরা ২ থেকে ৩টে অফার লেটার পায়। এই প্রতিষ্ঠানে অন্যতম বৈশিষ্ট্য হল ভরতির সময় '100% Job Bond Letter' চাকরির লিখিত গ্যারান্টি দেওয়া হয়। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পাশের পর সরাসরি এই কলেজে ভরতি হলে কোর্স ফি-র ওপর ৬০ শতাংশ 'অন স্পট স্কলারশিপ'এর ব্যবস্থা আছে। ভরতি হওয়ার আগে সবাইকে কেরিয়ার ওরিয়েন্টেড স্পেশালাইজড ফ্রি কাউন্সিলিং করানো হয়। বয়স হতে হবে : ১৮ থেকে ২৬ বছরের মধ্যে। এখানে যেসব কোর্স শিখিয়ে চাকরি দেওয়া হয় তা হল — (১) হসপিটালিটি ম্যানেজমেন্ট, (২) হোটেল ম্যানেজমেন্ট, (৩) হসপিটাল ম্যানেজমেন্ট, (৪) জাহাজের ট্রেনিং, (৫) রিসেপশনিস্ট, (৬) বার ট্রেন্ডিং, (৭) ফুড এন্ড বেভারেজ সার্ভিস, (৮) কুলিনারী আর্টস, (৯) হাউস কিপিং, (১০) অ্যাভিয়েশন, (১১) এয়ারপোর্ট। ওপরের সব কোর্সই কেন্দ্রীয় সরকার অনুমোদিত ও ন্যাশনাল কাউন্সিল VTE দ্বারা স্বীকৃত। সব কোর্সের বেলায় অ্যাডমিশন ফিজ মাত্র ২,০০০ টাকা। আসন সংখ্যা সীমিত। ভরতির জন্য যোগাযোগ করুন ৭দিনের মধ্যে। কারণ, প্রতিটি কোর্সেই ভর্তি প্রায় শেষের দিকে। তাই এই ধরনের চাকরিমুখী প্রফেশনাল কোর্সে ভর্তির ব্যাপারে বিশদ জানতে আজই যোগাযোগ করুন এই নম্বরে — 6291365019, 9330364982, 9163453155. কলকাতা, ব্যারাকপুর ক্যাম্পাস।

# ৮২ নার্সিং অফিসার ও টেকনিশিয়ান

**নিজস্ব প্রতিনিধি, চণ্ডীগড় :** চণ্ডীগড়ের পোস্ট-গ্র্যাজুয়েট ইন্সটিটিউট অফ মেডিক্যাল এডুকেশন অ্যান্ড রিসার্চ 'নার্সিং অফিসার' ও 'জুনিয়র টেকনিশিয়ান (ল্যাব)' পদে ৮২ জন লোক নিচ্ছে। কারা কোন ক্যাটেগরিতে দরখাস্ত করতে পারবেন :

নার্সিং অফিসার : বি.এসসি. নার্সিং বা, বি.এসসি. অনার্স নার্সিং কোর্স পাশরা যোগ্য। বি.এসসি. (পোস্ট সার্টিফিকেট) বা, পোস্ট বেসিক বি.এসসি. নার্সিং কোর্স পাশরাও যোগ্য। রাজ্য বা, ভারতীয় নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। নার্সিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরাও যোগ্য। তবে তাঁদের

এরপর ১০ পাতায়






## স্কুল সার্ভিসের

■ এস.এল.এস.টি.'র যে পরীক্ষা হবে তাতে ২০১৬ সালের সিলেবাস অনুযায়ী পরীক্ষা হবে, না সিলেবাস বদল হবে? — অনুপা হাজরা, অশোকনগর, হাবড়া।

■■ বিস্তারিত সিলেবাস স্কুল সার্ভিসের ওয়েবসাইটে দেওয়া হয়েছে।

■ স্কুলসার্ভিসেরগ্রুপ-সিওগ্রুপ-ডি পদের পরীক্ষা কি একইসঙ্গে হবে না, আলাদাভাবে হবে? — সুজাতা দাস, নীলগঞ্জ, উত্তর ২৪ পরগনা।

■■ পরীক্ষা আলাদা দিনে হবে। বিস্তারিত তথ্য বিজ্ঞপ্তি বেরোনোর পর দেওয়া হবে।

■ বায়ো-কেমিস্ট্রি নিয়ে স্নাতক ও স্নাতকোত্তর হওয়ার পর স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষায় নবম থেকে দ্বাদশ শ্রেণির বেলায় বায়োলজিক্যাল সায়েন্স বিষয়ের জন্য যোগ্য কি? — সুরঞ্জন পাল।

■■ স্কুল সার্ভিসে নবম থেকে দ্বাদশ শ্রেণির বেলায় বায়োলজিক্যাল সায়েন্স বিষয়ের ক্ষেত্রে এইসব বিষয়ের গ্র্যাজুয়েট বা, পোস্ট-গ্র্যাজুয়েটরাও যোগ্য : বটানি / জুলজি / ফিজিওলজি /মাইক্রোবায়োলজি /বায়োটেকনোলজি /সেরিকালচার /মলিকিউলার বায়োলজি /অ্যানথ্রোপলজি বিষয়ের গ্র্যাজুয়েটরাও যোগ্য। অন্যদিকে, হিউম্যান ফিজিওলজি, অ্যানিম্যাল সায়েন্স (জুলজি), বটানি /জুলজি /ফিজিওলজি /মাইক্রোবায়োলজি / বায়োটেকনোলজি /সেরিকালচার /মলিকিউলার বায়োলজি /বটানির অনার্স -সহ ইকোলজির এম.এসসি., অ্যাগ্রিকালচার বটানি /প্ল্যান্ট ফিজিওলজি /জেনেটিক্স অ্যান্ড প্ল্যান্ট ব্রিডিং হর্টিকালচার পোস্ট-গ্র্যাজুয়েটরাও যোগ্য।

■ স্কুল সার্ভিসের নবম থেকে দ্বাদশ শ্রেণির পরীক্ষায় ২০১০ সালের আগে পাওয়া ও.বি.সি. সার্টিফিকেটপ্রাপ্ত প্রার্থীরা কি ও.বি.সি. ক্যাটেগরির সুযোগ পাবে? — অনুরাধা মল্লিক, আরামবাগ, হুগলি।

■■ হ্যাঁ, ২০১০ সালের আগে পাওয়া ও.বি.সি. ক্যাটেগরির প্রার্থীরা ও.বি.সি. ক্যাটেগরি হিসাবে দরখাস্ত করতে পারবেন। স্কুল সার্ভিস কমিশন এক বিজ্ঞপ্তিতে একথা জানিয়েছে। ২০১০ সালের আগের ও.বি.সি. সার্টিফিকেট পাওয়া প্রার্থীরা যাঁরা আদার্স ক্যাটেগরিতে দরখাস্ত করেছেন, তাঁদেরই এডিট করার সুযোগ দেওয়া হবে।

■ প্রাইমারি স্কুলে ৮ বছর চাকরি করছি। স্কুল সার্ভিসের এস.এল.এস.টি.'র দরখাস্তে প্রাইমারি স্কুলে চাকরির অভিজ্ঞতা উল্লেখ করেছি। এজন্য অসুবিধা হবে কি? — কণিকা পাল।

■■ না, এজন্য দরখাস্ত বাতিল হবে না।

■ স্কুল সার্ভিসে প্রথমবার ফী দিয়ে দরখাস্ত করেছিলাম। তাতে ভুল হওয়ায় আবার আরেকটি দরখাস্ত করেছি ও ফী'ও দিয়েছি। দু'টি দরখাস্ত করার জন্য দু'টি দরখাস্ত বাতিল হবে কি? — মিতালি দাস, ৭নং নেতাজী সুভাষ রোড, শরীরামপুর, হুগলি।

■■ না, বাতিল হবে না।

■ ২০১০ সালের আগের ও.বি.সি. সার্টিফিকেট। এবছর বয়স ৪১ বছর। ও.বি.সি. ক্যাটেগরিতে বয়সে ছাড় পাব কি? — গীতা পাল, শান্তিপুর।

■■ হ্যাঁ, বয়সে ছাড় পাবেন।

■ আপার প্রাইমারি 'টেট'এর বিজ্ঞপ্তি কবে বেরোবে? — প্রজ্ঞা পারমিতা মিত্র।

■■ এবছরই বিজ্ঞপ্তি বেরোতে পারে।

## প্রাইমারি চাকরির

■ প্রাইমারি 'টেট'এর বিজ্ঞপ্তি কবে বেরোবে? এবছর বেরোবে কি? — বিশ্বজিৎ ভক্ত, সুভাষনগর, শরীকৃষ্ণপুর, মুর্শিদাবাদ।

■■ প্রাইমারি 'টেট'এর বিজ্ঞপ্তি এবছর বেরোতে পারে। বিজ্ঞপ্তি বেরোলে তারপর পরীক্ষার তারিখ জানানো হবে।

## স্টাফ সিলেকশনের

■ মেকানিক্যাল শাখায় পলিটেকনিক ডিপ্লোমা ও পরে বি.টেক. করেছি। কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষা দিতে পারব কি? — শশাঙ্ক বিশ্বাস, ফালাকাটা, আলিপুরদুয়ার।

■■ হ্যাঁ, পারবেন।

■ স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল, কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল ও এম.টি.এস. পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে ও পরীক্ষা কোন মাসে হবে? — নগেন্দ্রনাথ বিশ্বাস, পূর্ব মেদিনীপুর। অজিত সামন্ত, বেলদা, পশ্চিম মেদিনীপুর।

■■ স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের এই ৩টি বড় বড় পরীক্ষা হয়। এই ৩টি পরীক্ষারই দরখাস্ত নেওয়া শুরু হয়েছে: (১) কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল। গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা যোগ্য। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। প্রথম ধাপের কম্পিউটার বেসড পরীক্ষা হবে ১৩ আগস্ট থেকে ৩০ আগস্টের মধ্যে। দরখাস্ত করবেন অনলাইনে, ৪ জুলাইয়ের মধ্যে। (২) কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল। উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড পরীক্ষা হবে ৮ সেপ্টেম্বর থেকে ১৮ সেপ্টেম্বর পর্যন্ত। দরখাস্ত করবেন অনলাইনে, ১৮ জুলাই পর্যন্ত। (৩) মাল্টি টাস্কিং স্টাফ। মাধ্যমিক পাশরা যোগ্য। বয়স ১৮ থেকে ২৫ বা, ১৮ থেকে ২৭। পরীক্ষা হবে ২০ সেপ্টেম্বর থেকে ২৪ অক্টোবর পর্যন্ত। দরখাস্ত করবেন অনলাইনে, ২৪ জুলাই পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.ssc.gov.in

■ কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল পদের পরীক্ষার প্রশ্ন বাংলায় হয়, না ইংরিজিতে হয়? — সৌরভ চক্রবর্তী, জয়নগর, মজিলপুর, দক্ষিণ ২৪ পরগনা।

■■ প্রশ্ন হবে ইংরিজি, হিন্দি, বাংলা-সহ অন্যান্য রিজিওন্যাল ল্যাঙ্গোয়েজে।

## পুলিশে চাকরির

■ পশ্চিমবঙ্গ পুলিশ ও কলকাতা পুলিশের কনস্টেবল পদের পরীক্ষা কি পুজোর আগে হতে পারে? — পার্থ গাইন, আমডাঙ্গা, উত্তর ২৪ পরগনা। আকাশ শীল, আনন্দনগর, ঠাকুরপুকুর, কলকাতা-৬১।

■■ এখনো পরীক্ষার তারিখ ঠিক হয়নি।

# রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা একনজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| PSC-র মাধ্যমে রাজ্যে ক্লার্ক | মাধ্যমিক পাশ | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার মাধ্যমে অফিসার | গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মাধ্যমে রাজ্য সরকারে সহ-শিক্ষক | গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| স্কুল সার্ভিসের মাধ্যমে নবম-দ্বাদশ শ্রেণির শিক্ষক-শিক্ষিকা | গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েট | ৩৫,৭২৬ | ১৪-৭-২৫ | www.westbengalssc.com |
| সেনাবাহিনীর স্কুলে চাকরির অনলাইন স্ক্রিনিং টেস্টের দরখাস্ত নেওয়া শুরু | গ্র্যাজুয়েট | - | ১৬-৮-২৫ | www.awesindia.com |
| স্টাফ সিলেকশনের কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল পরীক্ষার মাধ্যমে অফিসার | উচ্চমাধ্যমিক | ৩,১৩১ | ১৮-৭-২৫ | www.ssc.nic.in |
| স্টাফ সিলেকশন কমিশনের মাল্টি টাস্কিং স্টাফ পরীক্ষার মাধ্যমে অফিসার | মাধ্যমিক | ৬,০০০ (প্রায়) | ২৪-৭-২৫ | www.ssc.nic.in |
| নেভিতে অফিসার | উচ্চমাধ্যমিক | ৪৪ | ১৪-৭-২৫ | www.joinindiannavy.gov.in |
| অসম রাইফেলসে রাইফেলম্যান | মাধ্যমিক | ৬৯ | ২১-৭-২৫ | www.assamrifles.gov.in |
| অর্ডন্যান্স ফ্যাক্টরিতে ওয়ার্কার | আই.টি.আই | ১৩৫ | ১২-৭-২৫ | https://munitionsindia.co.in |
| CSIR-এ টেকনিশিয়ান | আই.টি.আই | ৮৬ | ১০-৭-২৫ | https://www.nal.res.in |
| রেলে টেকনিশিয়ান | আই.টি.আই গ্র্যাজুয়েট | ৬,১৮০ | ২৮-৭-২৫ | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট দেখুন |
| বিমানবাহিনীতে অগ্নিবীরবায়ু | উচ্চমাধ্যমিক | - | ৩১-৭-২৫ | https://agnipathvayu.cdac.in |
| স্টেট ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার | গ্র্যাজুয়েট | ৫৪১ | ১৪-৭-২৫ | www.sbi.co.in |
| নিউক্লিয়ার পাওয়ার কর্পোঃ অ্যাপ্রেন্টিস | ITI, ডিপ্লোমা গ্র্যাজুয়েট, | ৩৩৭ | ২১-৭-২৫ | www.apprenticeshipindia.gov.in |

# জিজ্ঞাসা

সাম্প্রতিক তথ্যে ভরা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এইবিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এইনম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে ডাকযোগে পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা :** রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর ডিস্ট্যান্স অ্যান্ড অনলাইন এডুকেশনে ২০২৫-২০২৬ সেশনে বাংলা, ইংরিজি, সংস্কৃত, এডুকেশন, ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান, ভূগোল, এনভায়রণমেন্টাল স্টাডিজ, মাস্টার অফ সোশ্যাল ওয়ার্ক, ভোকাল মিউজিক, রবীন্দ্র সঙ্গীত বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সে ভরতি শুরু হয়েছে। সব কোর্স পড়ানো হবে ডাকযোগে। তবে বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে 'পার্সোন্যাল কন্ট্যাক্ট প্রোগ্রাম (পি.সি.পি.)'এ অন্তত ১০টি ক্লাস করতে হবে।

এম.এ. কোর্স পড়ানো হবে এইসব বিষয়ে : বাংলা, ইংরিজি, সংস্কৃত, এডুকেশন, ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান, ভূগোল। ওইসব বিষয়ের অনার্স গ্র্যাজুয়েট বা, ১০+২+৩ সিস্টেমে ৩ বছরের ডিগ্রি কোর্স পাশরা যে বিষয়ে পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স করতে চান, সেই বিষয়ে ৩০০ নম্বর নিয়ে পড়াশোনা করে থাকলে ওই ৭টি বিষয়ের এম.এ. কোর্সে ভরতির জন্য যোগ্য।

**এনভায়রণমেন্টাল স্টাডিজ, রবীন্দ্র সঙ্গীত, ভোকাল মিউজিকের এম. এ. কোর্স :** যে কোনো শাখার অনার্স গ্র্যাজুয়েট / পাস গ্র্যাজুয়েট (১০+২+৩) / প্রোস্ট-গ্র্যাজুয়েট বা, অন্য কোনো পেশাগত কোর্সের গ্র্যাজুয়েটরা আবেদনের যোগ্য।

**সোশ্যাল ওয়ার্কের এম.এ. কোর্স :** যে কোনো শাখার অনার্স গ্র্যাজুয়েট / পাস গ্র্যাজুয়েট (১০+২+৩) /পোস্ট-গ্র্যাজুয়েট বা, অন্য কোনো পেশাগত কোর্সের গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদনের যোগ্য। পড়ানো হবে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের সল্ট লেক মেন ক্যাম্পাসে আর কয়েকটি স্টাডি সেন্টারে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১ জুলাই থেকে ৫ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.rbudoe.ac.in অনলাইনে দরখাস্ত করার পর পরীক্ষা ফী'র টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে জমা দেবেন।

**স্টাডি সেন্টারগুলির ঠিকানা (ব্র্যাকেটে কোড নং দেওয়া হল) :** (কোড নং ০১) রায়গঞ্জ সুরেন্দ্রনাথ মহাবিদ্যালয়, উত্তর দিনাজপুর। (০২) ধ্রুব চাঁদ হালদার কলেজ, দক্ষিণ ২৪ পরগনা। (০৪) তাম্রলিপ্ত মহাবিদ্যালয়, পূর্ব মেদিনীপুর। (০৬) সুকান্ত মহাবিদ্যালয়, ধূপগুড়ি, জলপাইগুড়ি। (০৭) বিদ্যানগর কলেজ, দক্ষিণ ২৪ পরগনা। (০৮) সুন্দরবন হাজি ডেজার্ট কলেজ, দক্ষিণ ২৪ পরগনা। (১০) বাঁকুড়া জেলা সারদামণি মহিলা মহাবিদ্যাপীঠ, বাঁকুড়া। (১১) বালুরঘাট মহিলা মহাবিদ্যালয়, দক্ষিণ দিনাজপুর। (১৩) শীতলকুচি কলেজ, শীতলকুচি, কোচবিহার। (১৪) বারাসাত কলেজ, বারাসাত, কলকাতা-১২৬। (১৬) শ্রীপত সিং কলেজ, জিয়াগঞ্জ, মুর্শিদাবাদ। (১৯) সামসি কলেজ, সামসি, মালদা। (২১) পাথরপ্রতিমা মহাবিদ্যালয়, দক্ষিণ ২৪ পরগনা। (২২) আনন্দ চন্দ্র কলেজ অফ কমার্স, ডি.বি.সি. রোড, জলপাইগুড়ি, (২৩) গঙ্গারামপুর কলেজ, দক্ষিণ দিনাজপুর। (২৬) বিজয়গড় জ্যোতিষ রায় কলেজ, যাদবপুর, কলকাতা -৩২। (২৯) রায়দিঘি কলেজ, দক্ষিণ ২৪ পরগনা। (৩৫) অভেদানন্দ মহাবিদ্যালয়, সাঁইথিয়া, বীরভূম। (৩৬) মাথাভাঙা কলেজ, কোচবিহার। (৩৮) দেশবন্ধু কলেজ ফর গার্লস, ৪৫/সি রাসবিহারী অ্যাভেনিউ, কলকাতা-২৬। (৩৯) বিধানচন্দ্র কলেজ, হুগলি। (৪০) বেহালা কলেজ, বেহালা, কলকাতা -৬০। (৪১) দীনবন্ধু মহাবিদ্যালয়, বনগাঁ, উত্তর ২৪ পরগনা। (৪২) শ্রীরামপুর গার্লস কলেজ, হুগলি। (৪৩) বিবেকানন্দ কলেজ, মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা। (৪৬) গৌড় মহাবিদ্যালয়, মালদা। (৪৭) মুন্সি প্রেমচাঁদ কলেজ, সেবক রোড, শিলিগুড়ি। (৪৮) রাজগঞ্জ কলেজ, রাজগঞ্জ, জলপাইগুড়ি। (৪৯) ফালাকাটা কলেজ, ফালাকাটা, জলপাইগুড়ি। (৫০) বিবেকানন্দ কলেজ, আলিপুরদুয়ার। (৫২) মহারাজা শ্রীস চন্দ্র কলেজ, রাম কান্ত বোস স্ট্রিট, কলকাতা - ৩। (৫৪) রাজা প্যারিমোহন কলেজ, (৫৫) মৃণালিনী দত্ত মহাবিদ্যালয়, (৫৬) এগরা সারদা শশী ভূষণ কলেজ। (৫৭) আচার্য প্রফুল্ল চন্দ্র কলেজ, (৫৮) চাইপথ শহীদ প্রদ্যুৎ ভট্টাচার্য মহাবিদ্যালয়, (৫৯) মগরাহাট কলেজ, (৬০) রামসদয় কলেজ, (৬১) ড. বি.আর. আম্বেদকর শতবার্ষিকী মহাবিদ্যালয়, (৬২) কোটশিলা মহাবিদ্যালয়, (৬৩) হীরালাল ভক্ত কলেজ। (৬৪) পাঁশকুড়া বনমালি কলেজ, (৬৫) বসিরহাট কলেজ, (৬৬) শ্রী চৈতন্য মহাবিদ্যালয়, (৬৭) গোবরডাঙ্গা হিন্দু কলেজ, (৬৮) আমডাঙ্গা যুগল কিশোর মহাবিদ্যালয়, (৬৯) শেঠ আনন্দ্রম জয়পুরিয়া কলেজ, (৭০) শ্যামপুর সিদ্ধেশ্বরী মহাবিদ্যালয়, (৭১) গঙ্গাধরপুর মহাবিদ্যামন্দির, (৭২) বড়বাজার বিক্রম টুডু মেমোরিয়াল কলেজ, (৭৩) বিজয় নারায়ণ মহাবিদ্যালয়। **রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের মেন ক্যাম্পাসের ঠিকানা :** রবীন্দ্রভারতী ইউনিভার্সিটি মেন ক্যাম্পাস (কোড : ৯৯) : রবীন্দ্র ভবন, ই.ই. - ৯ ও ১০, সেক্টর-।।, সল্টলেক সিটি, কলকাতা-৯১ (করুণাময়ীর কাছে)। ফোন : (০৩৩) ২৩৫৮ ৪০১৪/ ৪০১৬ /৪০১৮।

## ৮২ নার্সিং অফিসার ও টেকনিশিয়ান

৯ পাতার পর

তবে তাঁদের বেলায় ৫০ শয্যার হাসপাতালে অন্তত ২ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। শুরুতে ২ বছরের প্রবেশন। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। শূন্যপদ : ৫১টি (জেনাঃ ২০, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ১৪, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ৬)।

**জুনিয়র টেকনিশিয়ান (ল্যাব) :** মেডিক্যাল ল্যাব টেকনোলজির বি.এসসি. কোর্স পাশরা যোগ্য। বি.এসসি. কোর্স পাশরা মেডিক্যাল ল্যাব টেকনোলজির ডিপ্লোমা কোর্স পাশ হলেও যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে :৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। শূন্যপদ : ৩১টি (জেনাঃ ১২, ও.বি.সি. ১১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ৬)।

প্রার্থী বাছাই হবে কম্পিউটার বেসড টেস্টের মাধ্যমে। এই পরীক্ষায় ১০০ নম্বরের ১০০টি এম.সি.কিউ. টাইপের অবজেক্টিভ প্রশ্ন হবে। সফল হলে ইন্টারভিউ।

দরখাস্ত করবেন অনলাইনে, ৪ আগস্টের মধ্যে। এই ওয়েবসাইটে : www.pgimer.edu.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ১,৫০০ (তপশিলী হলে ৮০০) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

# রেলের গ্রুপ 'ডি'



রেলে গ্রুপ-ডি পদে ৩২,৪৩৮টি শূন্যপদের জন্য দরখাস্ত নেওয়া হয়েছে। প্রার্থী বাছাইয়ে কম্পিউটার বেসড পরীক্ষায় ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল সায়েন্স - ২৫ নম্বর, (২) অঙ্ক - ২৫ নম্বর, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৩০ নম্বর, (৪) জেনারেল অ্যাওয়ারনেস অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স - ২০ নম্বর। সময় থাকবে মোট দেড় ঘণ্টা। এই পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলায়। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ৫০টি প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করলেন চাকরির পরীক্ষায় বিশেষজ্ঞ **বিজয় হালদার।**

1. 70 টাকা/লিটার দুধের সঙ্গে কী অনুপাতে জল মেশালে সেই দুধ 48 টাকায় বিক্রয় করার পরও 15% লাভ থাকবে?

(A) 96 : 40 (B) 151 : 96 (C) 96 : 55 (D) কোনোটিই নয়

2.

$$\frac{1}{\sqrt{9}-\sqrt{8}}-\frac{1}{\sqrt{8}-\sqrt{7}}+\frac{1}{\sqrt{7}-\sqrt{6}}-\frac{1}{\sqrt{6}-\sqrt{5}}+\frac{1}{\sqrt{5}-\sqrt{4}}$$

= ?

(A) 3-এর বেশি (B) 0 (C) 3-এর কম (D) 3

3. PQr = 1 হলে

$$\left(\frac{1}{1+P+Q^{-1}}+\frac{1}{1+Q+r^{-1}}+\frac{1}{1+r+P^{-1}}\right)=?$$

(A) 0 (B) $\frac{1}{PQ}$ (C) PQ (D) 1

4. একটি ক্রিকেট দলের 11 জন খেলোয়াড়ের গড় বয়স 2 মাস বেড়ে যায় যখন 18 বছর ও 20 বছরের দু'জন খেলোয়াড়ের বদলে দু'জন নতুন খেলোয়াড় দলে আসে। তাহলে নতুন দু'জন খেলোয়াড়ের গড় বয়স কত?

(A) 19 বছর 1 মাস (B) 19 বছর 6 মাস
(C) 19 বছর 11 মাস (D) 19 বছর 5 মাস

5. ক্ষুদ্রতম কোনো সংখ্যাকে 12, 15 ও 16 দ্বারা ভাগ করলে যথাক্রমে 7, 10 ও 11 ভাগশেষ থাকবে?

(A) 115 (B) 235 (C) 247 (D) 475

6. $2x-\frac{1}{3x}=4$ হলে $27x^3-\frac{1}{8x^3}=?$

(A) 91 (B) 234 (C) 243 (D) 242

7. 35% স্পিরিটের একটি মিশ্রণের সঙ্গে বিশুদ্ধ স্পিরিট কী অনুপাতে মেশালে 56% স্পিরিটের মিশ্রণ পাওয়া যাবে?

(A) 56 : 21 (B) 45 : 21 (C) 45 : 35 (D) 44 : 21

8. $\sqrt{0.\bar{4}}=?$

(A) $0.\bar{8}$ (B) $0.\bar{6}$ (C) $0.\bar{7}$ (D) 0.9

9. $1+\cfrac{2}{1+\cfrac{3}{1+\cfrac{4}{5}}}=?$

(A) $\frac{7}{4}$ (B) $\frac{4}{7}$ (C) $\frac{7}{5}$ (D) $\frac{3}{7}$

10. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 40% বাড়ানো হল। তাহলে আয়তক্ষেত্রের প্রস্থ কত শতাংশ কমানো হলে আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল অপরিবর্তিত থাকবে?

(A) $28\frac{4}{7}\%$ (B) 60% (C) 40% (D) $32\frac{5}{7}\%$

11. ? চিহ্ন স্থানে সঠিক বিকল্পটি বসান—

15 : 65 : : 35 : ?

(A) 216 (B) 217 (C) 434 (D) 343

12. 987 : rqp : : ? : onm

(A) 654 (B) 798 (C) 465 (D) 564

13. নীচের কোন জোড়াটি ভিন্ন চিহ্নিত করুন?

(A) 96, 24 (B) 39, 18 (C) 81, 54 (D) 82, 64

14. একটি সারিতে একটি গাছ T-এর অবস্থান বাম দিক থেকে সপ্তম ও ডানদিক থেকে চতুর্দশ হলে ওই শ্রেণিতে কতগুলি গাছ আছে?

(A) 18 (B) 19 (C) 20 (D) 41

15. সুনীল তার স্থান থেকে পূর্বদিকে হাঁটছে। 1 কিলোমিটার হাঁটার পর, সে বামদিকে 45° ডিগ্রি ঘোরে ও তারপর ডানদিকে 90° ঘোরে। সে এখন কোন দিকে আছে?

(A) উত্তর (B) পশ্চিম (C) উত্তর-পশ্চিম (D) উত্তর-পূর্ব

16. ? চিহ্ন স্থানে সঠিক বিকল্পটি বসান।

52 : 65 : : 76 : ?

(A) 115 (B) 105 (C) 95 (D) 85

17. 2018-এর 25 জানুয়ারি বৃহস্পতিবার হলে 2019-এর 25 জুন কী বার হবে?

(A) বুধবার (B) সোমবার (C) রবিবার (D) মঙ্গলবার

18. Tom Kun Sad মানে 'Dogs are barking'
Kun Jo Mop মানে 'Dogs and horses'
Mut Tom Ko মানে 'Donkey are mad'
'Donkey' মানে কোনটি?

(A) Tom (B) Mop (C) Jo (D) Either Mut or Ko

19. যদি INSECT = @&★!#$ ও OR = %? হয় তবে CISTERN = ?

(A) #@★$!?& (B) #@★$!%&
(C) #@★$?!& (D) #@★$%!&

20. BIMN : CKPR : : CURD : ?

(A) DWUH (B) WUHC
(C) UHDW (D) HUVN

21.



চিত্রটিকে ঘনকে পরিণত করলে 5-এর বিপরীতে কোন সংখ্যা বসবে?

(A) 1 (B) 4 (C) 6 (D) 3

22.

| | | |
|---|---|---|
| 8 | 3 | 21 |
| 6 | 5 | 25 |
| 12 | 2 | ? |

(A) 24 (B) 28 (C) 30 (D) 22

23. প্রশ্নচিত্র সম্পূর্ণ করুন —



উত্তরচিত্র —



(A) (B) (C) (D)

24.

| | |
|---|---|
| 2 | 6 |
| 80 | 24 |

| | |
|---|---|
| 3 | ? |
| 120 | 36 |

(A) 7 (B) 8 (C) 9 (D) 10

25. MAJOR যদি OCINQ হয়, MYOPE-এর সংকেত কী?

(A) OANND (B) OANOD
(C) OADNO (D) OAQRG

26. জোঁকের দেহে তঞ্চন রোধক পদার্থ কোনটি?

(A) হেপারিন (B) হিরুডিন (C) লাইসিন (D) লিউসিন

27. যে প্রক্রিয়ায় লোহিত রক্ত কণিকা ভেঙে যায় তাকে কী বলে?

(A) হাইপারক্যাপনিয়া (B) হিমোফিলিয়া
(C) হিমোলাইসিস (D) কোনোটিই নয়

28. মেনিনজেস-এর বাইরের স্তরকে কী বলে?

(A) ডুরাম্যাটার (B) পিয়াম্যাটার (C) ফোরামেন (D) ভেন্ট্রিকল

29. নীচের কোনটি প্রাকৃতিক হরমোন নয়?

(A) জিব্বারেলিন (B) ইন্ডোল বিউটারিক অ্যাসিড
(C) কাইন (D) ইন্ডোল

30. একটি অ্যামোনিফাইং ব্যাক্টেরিয়া হল—

(A) সিউডোমোনাস (B) থিওব্যাসিলাস
(C) নাইট্রোসোমোনাস (D) ব্যাসিলাস র‍্যামোসাস

31. দেবীচন্দ্রগুপ্তাম বইটি কোন রাজার সঙ্গে সম্পর্কিত?

(A) চন্দ্রগুপ্ত মৌর্য (B) প্রথম চন্দ্রগুপ্ত
(C) দ্বিতীয় চন্দ্রগুপ্ত (D) অশোক

32. কোন বছরে ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি পর্তুগিজদের থেকে বোম্বাই শহরটি দখল করে?

(A) 1660 (B) 1661 (C) 1662 (D) 1665

33. গঙ্গার জলকে বিশুদ্ধ বা, পবিত্র মানা হয় এর একটি বিজ্ঞানসম্মত কারণ হল—

(A) এই জল লবণাক্ত (B) এই জলে ভাইরাস বা, ব্যাক্টেরিয়া অনুপস্থিত থাকে (C) এই জলে অক্সিজেনের পরিমাণ বেশি থাকে (D) এই জলে ব্যাক্টেরিওফাজ থাকে

34. রাষ্ট্রপতি ও উপরাষ্ট্রপতির নির্বাচন জনিত সমস্যার সমাধান করতে পারে একমাত্র—

(A) পার্লামেন্ট (B) দিল্লি হাই কোর্ট
(C) সুপ্রিম কোর্ট (D) A ও C দু'টিই

35. ভারত সরকারের প্রথম 'Law Officer' হল —

(A) অ্যাডভোকেট জেনারেল
(B) অ্যাটর্নী জেনারেল
(C) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি
(D) রাষ্ট্রপতি

36. Public Works Department চালু করেছিলেন—

(A) লর্ড কর্নওয়ালিস (B) লর্ড রিপন
(C) লর্ড ডালহৌসি (D) লর্ড ক্যানিং

37. কোনো 'Writ'-কে 'Bulwork of Personal Freedom' বলা হয়?

(A) Mandamas (B) Habeas Corpus
(C) Quo-Warranto (D) Prohibition

38. ভারতীয় সাংসদ এক কক্ষ বিশিষ্ট থেকে দ্বিকক্ষবিশিষ্ট হয়েছিল কোন আইন দ্বারা?

(A) Regulating Act 1773
(B) Government of India Act 1919
(C) Government of India Act 1935 (D) Indian Independance Act 1947

39. কোনো মুঘল সম্রাটের সময়ে উপনিষদ ফারসি ভাষায় অনুবাদ করা হয়েছিল?

(A) আকবর (B) জাহাঙ্গীর
(C) শাহজাহান (D) ঔরঙ্গজেব

40. সূর্যের চারদিকে প্রদক্ষিণ করার সময় পৃথিবী একদিনে কত ডিগ্রি প্রদক্ষিণ করে?

(A) 5° (B) 0.5° (C) 1° (D) 2.5°

41. এবছর 'ইন্ডিয়া অডিও সামিট অ্যান্ড অ্যাওয়ার্ডস'এ বিভিন্ন বিভাগে মোট ক'টি পুরস্কার জেতে 'আকাশবাণী'?

(A) 3টি (B) 4টি (C) 5টি (D) 6টি

42. কোন রাজ্য সরকার 'মহিলা নীধি' প্রকল্প চালু করে?

(A) কেরল (B) রাজস্থান (C) মহারাষ্ট্র (D) অসম

43. ভারতীয় রেল মুম্বই স্টেশনে 'মেঘদূত' মেশিনের স্থাপনা করেছে। এই মেশিনের কাজ হল—

(A) আপতকালীন পরিস্থিতিতে অক্সিজেন সরবরাহ
(B) শিশুদের জন্য দুগ্ধ মজুত ATM
(C) বায়ু থেকে জল উৎপাদনকারী মেশিন
(D) ওপরের কোনোটিই নয়

44. কোন রাজ্য সরকার Rural Olympic Games চালু করে?

(A) কেরল (B) কর্ণাটক (C) রাজস্থান (D) মহারাষ্ট্র

45. বিশ্ব সংস্কৃত দিবস পালন করা হয়—

(A) 8 আগস্ট (B) 12 আগস্ট
(C) 12 সেপ্টেম্বর (D) 12 নভেম্বর

46. সম্প্রতি প্রকাশিত Henley Passport Index 2025-এ ভারতের স্থান 85 তম তালিকায় প্রথম স্থানে কোন দেশ আছে?

(A) ফিনল্যান্ড (B) আইসল্যান্ড
(C) সিঙ্গাপুর (D) স্পেন

47. মার্ক কার্নি কোন দেশের প্রধানমন্ত্রী?

(A) সাইপ্রাস (B) কানাডা (C) ব্রিটেন (D) গুয়েতেমালা

48. 'দিল্লি ডেভেলপমেন্ট অথরিটি'র ভাইস চেয়ারম্যান পদে নিযুক্ত হলেন কে?

(A) মাধবিপুরি কৃচ (B) অমিতেষ কুমার সিনহা
(C) ইরিনা ঘোষ (D) এন. সারাভানা কুমার

49. 2045 সালের মধ্যে নিজের সম্পদের 90% দান করে দেবেন বলে কে ঘোষণা করলেন?

(A) মার্ক জুকারবার্গ (B) অ্যালাম মাস্ক (C) বিল গেটস (D) নীতা আম্বানি

50. 'প্রোজেক্ট কুইপার'এর প্রথম 27টি স্যাটেলাইট উৎক্ষেপণ করল কোন ই-কমার্স সংস্থা?

(A) ফ্লিপকার্ট (B) অ্যামাজন (C) ই-বাই (D) রিলায়েন্স

## চটপট উত্তরের কৌশল

1(C). 2(A). 3(D). 4(C). 5(B). 6(C). 7(D). 8(B). 9(A). 10(A).

11(B). $4^2 = 16 - 1 = 15$

$4^3 = 64 + 1 = 65$

তেমনি $(6)^2 = 36 - 1 = 35$

$6^3 = 216 + 1 = 217$

12(A).

13(D). Option-D বাদে বাকিগুলো 3 দ্বারা বিভাজ্য।

14(C). 15(D). 16(C).

17(D). 25 June 2018 — বৃহস্পতিবার not lipyear

25 June 2019 — বৃহস্পতিবার + 1 = শুক্রবার not lipyear

মোট odd day

7 | 365 | 52
35
15
14
1 দিন

2019

June Feb March April May June

6 + 28 + 31 + 30 + 31 + 25 = 151

7 | 151 | 27
14
11
7
4 দিন

তাহলে, শুক্রবার + 4 = মঙ্গলবার।

18(D).

19(A).

I N S E C T O R
@ & ★ ! # $ % ?

অতএব C I S T E R N
# @ ★ $ ! ? &

20(A). 21(A). 22(D).

23(B). Letter vowel পরপর এসেছে। বিন্দুগুলো প্রতি ক্ষেত্রে একটি করে বৃদ্ধি পেয়েছে ও 1st চিত্রে বিন্দু letter-এর পরে, 2nd-এ letter-এর আগে বসেছে। একইভাবে তৃতীয় ও চতুর্থটি সম্পর্কিত।

24(C). 25(B). 26(B). 27(C). 28(A). 29(B). 30(D). 31(C). 32(C). 33(D). 34(C). 35(B). 36(C). 37(B). 38(B). 39(C). 40(C). 41(D). 42(B). 43(C). 44(C). 45(B). 46(C). 47(B). 48(D). 49(C). 50(B).

১৪ জুন সংখ্যার পর

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

৪ এপ্রিল : 'পেনশন ফান্ড রেগুলেটরি অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি'র চেয়ারপার্সন হিসাবে নিযুক্ত হলেন শিবসুব্রহ্মণ্যম রমন।

❑ 'উত্তর প্রদেশ আনমোল রতন পুরস্কার' পেলেন 'ভিগর মিডিয়া ওয়ার্ল্ডওয়াইড'এর প্রতিষ্ঠাতা ও 'নয়ডা হাই রাইজ ফেডারেশন'এর প্রেসিডেন্ট নিখিল সিঙ্ঘল। জনসংযোগ ও কৌশলগত যোগাযোগে অসামান্য কাজের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি। তাজ লখনৌতে, 'তপস্যা ফাউন্ডেশন ট্রাস্ট'এর তরফ থেকে এই পুরস্কার দেওয়া হয়েছে। উত্তর প্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী অখিলেশ যাদব এই পুরস্কার দেন।



**হিন্দি চলচ্চিত্রের বর্ষীয়ান অভিনেতা ও চলচ্চিত্র পরিচালক মনোজ কুমার (৮৭ বছর) মারা গেলেন। তাঁর অভিনীত চলচ্চিত্রগুলির মধ্যে রয়েছে 'পুরব পশ্চিম', 'রোটি কাপড়া অউর মাকান', 'ক্রান্তি'-সহ অসংখ্য চলচ্চিত্র। তাই তিনি 'ভারত কুমার' উপাধিতে সম্মানিত হন।**

❑ এই প্রথমবারের মতো, জম্মু ও কাশ্মীরে মহিলাদের জন্য বিনামূল্যে বাস পরিষেবা চালু করলেন মুখ্যমন্ত্রী ওমর আবদুল্লাহ। শ্রীনগরে আনুষ্ঠানিকভাবে এই পরিষেবার সূচনা করেন তিনি। মহিলাদের ক্ষমতায়নের জন্য পরিচালিত এই বাস পরিষেবাটি, কেন্দ্রশাসিত অঞ্চল জুড়ে স্মার্ট সিটি ই-বাস আর 'জম্মু ও কাশ্মীর রোড ট্রান্সপোর্ট কর্পোরেশন'এর বাসে বিনামূল্যে ভ্রমণের সুযোগ দেবে। পুরো জম্মু ও কাশ্মীর জুড়ে এই বাস পরিষেবা পাবেন মহিলারা।

**৫ এপ্রিল :** রেলের ইঞ্জিন উৎপাদনে রেকর্ড গড়ল ভারতীয় রেল। ২০২৪-'২৫ আর্থিক বছরে ১,৬৮১টি রেলের ইঞ্জিন উৎপাদন করে মার্কিন যুক্তরাষ্ট্র, ইউরোপ, আফ্রিকা ও অস্ট্রেলিয়াকে পিছনে ফেলে শীর্ষ স্থানে রয়েছে ভারতীয় রেল। রেলপথ মন্ত্রক জানিয়েছে, এটি ২০২৩-'২৪ আর্থিক বছরে ১,৪৭২টি ইঞ্জিন তৈরির তুলনায় ১৯% বৃদ্ধি। বিগত ১০ বছরে ইঞ্জিন উৎপাদন ৯,১৬৮টি বেড়েছে। ২০২৪-'২৫ আর্থিক বছরে ভারতে 'চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কস' ৭০০ ইঞ্জিন উৎপাদন করেছে। আবার 'বেনারস লোকোমোটিভ ওয়ার্কস' ৪৭৭টি ইঞ্জিন উৎপাদন করেছে। এছাড়া, 'পাতিয়ালা লোকোমোটিভ ওয়ার্কস' ৩০৪টি আর মাধেপুর ও মারহোরা ইউনিটে ১০০টি ইঞ্জিন তৈরি হয়েছে। ভারতে উৎপাদিত বেশিরভাগ ইঞ্জিনই মূলত মালবাহী ট্রেনের জন্য তৈরি হয়েছে।

**৬ এপ্রিল :** 'এশিয়ান ক্রিকেট কাউন্সিল'এর প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হলেন মহসিন নকভি।

❑ আগামী ২ বছরের জন্য 'বিমস্টেক'এর চেয়ারম্যানের দায়িত্ব নিল বাংলাদেশ। তাইল্যান্ডের প্রধানমন্ত্রী পেতংতার্ন সিনাওয়াত্রা'র কাছ থেকে দায়িত্ব বুঝে নেন বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড.মুহাম্মদ ইউনুস। ৪ এপ্রিল, তাইল্যান্ডের ব্যাঙ্ককে ষষ্ঠ বিমস্টেক শীর্ষ সম্মেলনে এই দায়িত্ব বুঝে নেন তিনি। এদিন, মুক্ত বাজার বা এফটিএ সংক্রান্ত বিমস্টেক ফ্রেমওয়ার্ক চুক্তি বাস্তবায়নের জরুরি প্রয়োজনীয়তার ওপর জোর দেন তিনি আর আঞ্চলিক যোগাযোগ সম্পর্কিত বিমস্টেক মাস্টারপ্ল্যান বাস্তবায়নের গুরুত্বের ওপরও জোর দেন তিনি। প্রসঙ্গত উল্লেখ্য, ১৯৯৭ সালে প্রতিষ্ঠিত বিমস্টেক আঞ্চলিক সহযোগিতার জন্য, বিশেষ করে বাণিজ্য, প্রযুক্তি, পরিবহণ, জ্বালানি ও সন্ত্রাসবাদ দমনের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ প্ল্যাটফর্ম হিসাবে নিজেকে প্রতিষ্ঠিত করেছে। বিমস্টেকের সনদ অনুসারে, সদস্য দেশগুলির মধ্যে চেয়ারম্যানের পদ বর্ণানুক্রমিকভাবে আবর্তিত হয়।

❑ শ্রীলঙ্কার সর্বোচ্চ বেসামরিক সম্মান মর্যাদাপূর্ণ 'মিত্র বিভূষণ' পেলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। দুই দেশের দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদারে বিশেষ অবদানের স্বীকৃতি হিসাবে তাঁকে এই সম্মান দেওয়া হয়েছে। কলম্বোতে, শ্রীলঙ্কার প্রেসিডেন্টের কার্যালয়ে এক অনুষ্ঠানের মধ্য দিয়ে দেশটির প্রেসিডেন্ট অনূঢ়া কুমার দিশানায়েকে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর হাতে এই সম্মান তুলে দেন। প্রসঙ্গত উল্লেখ্য, ২০০৮ সালের ফেব্রুয়ারিতে শ্রীলঙ্কার তখনকার প্রেসিডেন্ট মাহিন্দা রাজাপক্ষে এই সম্মান চালু করেন।

❑ ২০৩৫ সালে ফিফা মহিলা বিশ্বকাপ আয়োজন করবে যুক্তরাজ্য।

**৭ এপ্রিল :** প্রথম ভারতীয় হিসাবে, 'ফ্রেড ড্যারিংটন স্যান্ড মাস্টার অ্যাওয়ার্ড ফর এক্সেলেন্স ইন আর্ট অ্যান্ড কালচার' পেয়ে ইতিহাস গড়লেন বিখ্যাত বালি ভাস্কর্য শিল্পী সুদর্শন পট্টনায়েক। বালি শিল্পে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি। ব্রিটিশ ভাস্কর্য শিল্পী ফ্রেড ড্যারিংটনের ১০০ তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে ইংল্যান্ডের ডরসেটে, স্যান্ডওয়ার্ল্ড ২০২৫ আন্তর্জাতিক বালি শিল্প উৎসবে তাঁকে এই পুরস্কার দেওয়া হয়। সুদর্শন পট্টনায়েক তাঁর ব্যতিক্রমী ১০ ফুট লম্বা গণেশের বালির ভাস্কর্যের জন্য এই স্বীকৃতি পেয়েছেন, যা 'বিশ্ব শান্তি'র বার্তা বহন করে। 'পদ্মশ্রী' পুরস্কারপ্রাপ্ত পট্টনায়েক হলেন প্রথম ভারতীয় ভাস্কর্য শিল্পী, যিনি আন্তর্জাতিক বালি শিল্প উৎসব স্যান্ডওয়ার্ল্ডে তাঁর শিল্পকর্ম প্রদর্শন করেছেন।

❑ প্রথম ইউরোপীয় দেশ হিসাবে 'আন্তর্জাতিক অপরাধ আদালত' থেকে নিজেদের সদস্যপদ প্রত্যাহার করার ঘোষণা করল হাঙ্গেরি। দেশটির প্রধানমন্ত্রী ভিক্টর অরবান সরকারের একজন উর্ধ্বতন কর্মকর্তা জেরগেলি গুলিয়াস, ইজরায়েলি প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুর কাছ থেকে রাষ্ট্রীয় সফর শেষে দেশে আসার কয়েক ঘন্টা পরেই এই পদক্ষেপের ঘোষণা করেন। প্রসঙ্গত উল্লেখ্য, ২০২৪ সালের নভেম্বরে গাজায় হামলার সময় যুদ্ধাপরাধের অভিযোগে নেতানিয়াহু ও তাঁর তখনকার প্রতিরক্ষা মন্ত্রী ইয়োভ গ্যালান্টের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছিল 'আন্তর্জাতিক অপরাধ আদালত'। হাঙ্গেরি আইসিসি'র (২০০২ সালে প্রতিষ্ঠিত) প্রতিষ্ঠাতা সদস্য। তবে, দেশটির সদস্যপদ প্রত্যাহার আইসিসি'র চলমান মামলাগুলিকে প্রভাবিত করবে না।

**৮ এপ্রিল :** ভারতের ৩৫ তম রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চল হিসাবে, 'আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা' বাস্তবায়ন করল দিল্লি। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের অধীন, 'ন্যাশনাল হেলথ অথরিটি' আর দিল্লি সরকারের 'স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ'এর সঙ্গে একটি সমঝোতা চুক্তি স্বাক্ষরের পর এটি বাস্তবায়িত হয়েছে। এই প্রকল্পের অধীনে, দিল্লির যোগ্য পরিবারগুলি বার্ষিক ১০ লাখ টাকা (৫ লাখ টাকা দেবে কেন্দ্রীয় সরকার ও বাকি ৫ লাখ টাকা দেবে দিল্লি সরকার) পর্যন্ত স্বাস্থ্য কভারেজ পাবে। ২০১৮ সালের ২৩ সেপ্টেম্বর চালু হওয়া এই স্বাস্থ্য পরিষেবা দেশ জুড়ে লাখ লাখ গরিব ও দুর্বল পরিবারের জন্য এক বিরাট পরিবর্তন এনেছে। প্রসঙ্গত উল্লেখ্য, এখনও পর্যন্ত পশ্চিমবঙ্গই হল একমাত্র রাজ্য, যেখানে এই প্রকল্পটি বাস্তবায়িত হয়নি।

**৯ এপ্রিল :** পর্তুগাল সফররত রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু'কে লিসবন শহরের সম্মানীয় অতিথি হিসাবে 'সিটি কি অফ অনার' সম্মানে ভূষিত করা হল। শহরের ঐতিহাসিক 'কামারা মিউনিসিপ্যাল ডি লিসবোয়া'য়, লিসবনের মেয়র কার্লোস মোয়েদাস'এর দেওয়া প্রতীকী স্মারক তাঁকে আনুষ্ঠানিকভাবে শহরের সম্মানসূচক নাগরিক হিসাবে স্বীকৃতি দিয়েছে।

**১০ এপ্রিল :** বিশ্বের প্রথম ও এখনও পর্যন্ত একমাত্র ক্রিকেটার হিসাবে আইপিএলে ১ হাজার বাউন্ডারি মারার দুরন্ত নজির গড়লেন বিরাট কোহলি। এদিন, চিন্নাস্বামীতে দিল্লি ক্যাপিটালসের বিরুদ্ধে রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালউরুর হয়ে ওপন করতে নেমে ১৪ বলে ২২ রানের ইনিংস খেলে আউট হয়ে যান তিনি। এই ইনিংসে ১টি চার ও ২টি ছক্কা মারেন তিনি। এই ম্যাচে ৩টি বাউন্ডারি মারার সুবাদে এই মাইলফলক টপকে যান কোহলি। এই ম্যাচের পর কোহলির আইপিএলে ছক্কার সংখ্যা দাঁড়ায় ২৮০টি আর চারের সংখ্যা দাঁড়ায় ৭২১টি। অর্থাৎ, চার-ছক্কা মিলিয়ে আইপিএলে কোহলির বাউন্ডারির সংখ্যা দাঁড়ায় ১,০০১টি। এই তালিকায় দ্বিতীয় স্থানে রয়েছেন শিখর ধাওয়ান। চার-ছক্কা মিলিয়ে আইপিএলে মোট ৯২০টি (৭৬৮টি চার আর ১৫২টি ছক্কা) বাউন্ডারি মেরেছেন তিনি। তৃতীয় স্থানে রয়েছেন ডেভিড ওয়ার্নার। চার-ছয় মিলিয়ে আইপিএলে মোট ৮৯৯টি (৬৬৩টি চার আর ২৩৬টি ছক্কা) বাউন্ডারি মেরেছেন তিনি।

**১১ এপ্রিল :** এবছর 'স্কাইট্র্যাক্স বিশ্ব বিমানবন্দর পুরস্কার'এ, রেকর্ড গড়ে বিশ্বের সেরা বিমানবন্দরের পুরস্কার পেল সিঙ্গাপুরের 'চাঙ্গি বিমানবন্দর'। এই নিয়ে ১৩ তম বার সেরার পুরস্কার পেল এই বিমানবন্দরটি। ৬-৭ কোটি যাত্রীকে পরিষেবা প্রদানকারী সেরা বিমানবন্দর এটি। এর রয়েছে সেরা ডাইনিং অভিজ্ঞতা। পাশাপাশি, 'বিশ্বের সেরা ওয়াশরুম'এরও খেতাব পেয়েছে চাঙ্গি। ২০২৪ সালে প্রথম স্থানে থাকা কাতারের 'হামাদ আন্তর্জাতিক বিমানবন্দর' দ্বিতীয় স্থানে নেমে গেছে। তৃতীয় স্থানে রয়েছে জাপানের 'টোকিও আন্তর্জাতিক বিমানবন্দর' (হানেদা)। স্কাইট্র্যাক্স পরিচালিত একটি বিশ্ব সমীক্ষার ওপর ভিত্তি করে এই পুরস্কার দেওয়া হয়েছে।

❑ আইন প্রয়োগকারী সংস্থায় প্রযুক্তিগত অগ্রগতির উল্লেখযোগ্য স্বীকৃতি হিসাবে, জাতীয় পর্যায়ে 'পুলিশ ও নিরাপত্তা' বিভাগে মর্যাদাপূর্ণ 'স্কচ পুরস্কার' পেল উত্তর প্রদেশ পুলিশের 'ইনভেস্টিগেশন, প্রসিকিউশন অ্যান্ড কনভিকশন পোর্টাল'। উত্তর প্রদেশ পুলিশের 'টেকনিক্যাল সার্ভিসেস ইউনিট' এই পোর্টালটি তৈরি করেছে। এই পোর্টালটি গুরুতর অপরাধ ট্র্যাক করা, দ্রুত তদন্ত নিশ্চিত করা, সময়মতো চার্জশিট দাখিল করা-সহ প্রভৃতি ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এই পোর্টাল মনিটরিংয়ের মাধ্যমে ৮৫ হাজারেরও বেশি দোষী সাব্যস্ত করা হয়েছে।

**১২ এপ্রিল :** সংযুক্ত আরব আমিরশাহীর দুবাইতে, নিজেদের প্রথম বিদেশি ক্যাম্পাস চালু করতে চলেছে ভারতের শীর্ষস্থানীয় উচ্চশিক্ষা প্রতিষ্ঠান ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট-আহমেদাবাদ। এ বিষয়ে আইআইএম-আহমেদাবাদ আর সংযুক্ত আরব আমিরশাহী সরকারের মধ্যে সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়েছে। প্রাথমিকভাবে এই দুবাই ক্যাম্পাসে একটি পূর্ণ সময়ের এক বছরের এমবিএ কোর্স পড়ানো হবে। ক্যাম্পাসটি ২টি পর্যায়ে প্রতিষ্ঠিত হবে। প্রথম পর্যায়ে ক্যাম্পাসটি 'দুবাই ইন্টারন্যাশনাল আকাদেমিক সিটি' থেকে শুরু হবে আর দ্বিতীয় পর্যায়ে, সংযুক্ত আরব আমিরশাহী সরকারের মাধ্যমে সরবরাহ করা জমির ওপর ২০২৯ সালের মধ্যে একটি স্থায়ী ক্যাম্পাস তৈরি হবে।

❑ 'ইন্টারন্যাশনাল অস্টিওপোরোসিস ফাউন্ডেশন'এর তরফ থেকে, এবছর 'কমিটি অফ সায়েন্টিফিক অ্যাডভাইজার্স' মেডেল অফ অ্যাচিভমেন্টে সম্মানিত হলেন বিখ্যাত ভারতীয় এন্ডোক্রিনোলজিস্ট ড.অম্বরীশ মিথাল। অস্টিওপোরোসিস গবেষণায় ব্যতিক্রমী অবদানের স্বীকৃতি হিসাবে এই সম্মান পেলেন তিনি। ইতালির রোমে এক অনুষ্ঠানে এই পুরস্কার দেওয়া হয় তাঁকে।

**১৩ এপ্রিল :** প্রথম ভারতীয় হিসাবে টোয়েন্টি-২০ ক্রিকেটে ১০০টি অর্ধ শতরান করার নজির গড়লেন বিরাট কোহলি। এদিন, রাজস্থান রয়্যালসের বিরুদ্ধে খেলতে নেমে ৪৫ বলে ৬২ রানে অপরাজিত থাকেন তিনি। সেই ম্যাচে অর্ধ শতরান করার সঙ্গে সঙ্গেই এই নজির গড়ে ফেলেন তিনি। টোয়েন্টি-২০'তে এখন কোহলি করেছেন ১০০টি অর্ধ শতরান ও ৯টি শতরান। দেশের জার্সিতে টোয়েন্টি-২০ ক্রিকেটে ৩৮টি অর্ধ শতরান করেছেন কোহলি। একটি শতরানও করেছেন। এখনও পর্যন্ত ৪০৪টি টোয়েন্টি-২০ ম্যাচ খেলেছেন তিনি। করেছেন ১৩,০৭২ রান। তবে, টোয়েন্টি-২০ ক্রিকেটে সবথেকে বেশি অর্ধ শতরানের মালিক ডেভিড ওয়ার্নার। ১০৮টি অর্ধ শতরান করেছেন তিনি। তারপরই রয়েছেন কোহলি। তৃতীয় স্থানে রয়েছেন বাবর আজম, যিনি ৯০টি অর্ধ শতরান করেছেন।

❑ ইতালির লরেঞ্জো মুসেত্তি'কে ৩-৬, ৬-১ ও ৬-০ ব্যবধানে হারিয়ে, এবছর 'মন্টে কার্লো মাস্টার্স'এর শিরোপা জিতলেন স্প্যানিশ টেনিস তারকা কার্লোস আলকারাজ।

**১৪ এপ্রিল :** বিশ্বের প্রথম ৩ডি প্রিন্টেড রেল স্টেশন তৈরি করে নজির গড়ল জাপান। জাপানের আরিদা শহরে মাত্র ৬ ঘন্টায় এই রেল স্টেশন তৈরি হয়েছে। ১৯৪৮ সালের হাৎসুশিমা রেল স্টেশনের পুরনো কাঠামো ভেঙে ফেলে এই নতুন নির্মাণ কাজ করা হয়েছে। দেশটির 'ওয়েস্ট জাপান রেলওয়ে কোম্পানি' এই নির্মাণ কাজ করেছে। এই রেল স্টেশন তৈরির জন্য এখানে কর্তৃপক্ষের তরফ থেকে 'প্রিফ্যাব্রিকেটেড কম্পোনেন্ট' ব্যবহার করা হয়েছে। এই কাজের বরাত দেওয়া হয়েছিল 'সেরেনডিক্স' নামে একটি সংস্থাকে।

**১৫ এপ্রিল :** 'শিশুদের বাধ্যতামূলক বায়োমেট্রিক আপডেট' আর 'প্রাপ্তবয়স্কদের আধার তালিকাভুক্তির যাচাইকরণ'এ সেরা কৃতিত্বের স্বীকৃতি হিসাবে, এই ২টি বিভাগে মেঘালয় সরকারকে ২টি মর্যাদাপূর্ণ পুরস্কারে ভূষিত করল 'ইউনিক আইডেন্টিফিকেশন অথরিটি অফ ইন্ডিয়া'। রাজ্যের তরফ থেকে এই পুরস্কার নেন মেঘালয়ের সাধারণ প্রশাসন বিভাগের আধার নোডাল অফিসার শাই কুপার ওয়ার।

❑ জাপানিস গ্যাস্ট্রোএন্ট্রোলজি কমিউনিটি'র তরফ থেকে, মর্যাদাপূর্ণ 'লেজেন্ডস অফ এন্ডোস্কোপি' পুরস্কারে ভূষিত হলেন হায়দরাবাদের 'এআইজি হসপিটালস'এর চেয়ারম্যান ড.ডি.নাগেশ্বর রেড্ডি। গ্যাস্ট্রোইনটেস্টাইনাল এন্ডোস্কোপি ক্ষেত্রে তাঁর যুগান্তকারী কাজের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি। টোকিওর শোয়া মেডিক্যাল ইউনিভার্সিটি কোতো তোয়োসু হাসপাতালে আয়োজিত 'টোকিও লাইভ গ্লোবাল এন্ডোস্কোপি ২০২৫' অনুষ্ঠানে তাঁকে এই পুরস্কার দেওয়া হয়।

❑ কমনওয়েলথ স্পোর্টস প্রেসিডেন্টের পদ থেকে পদত্যাগ করলেন ক্রিস জেনকিন্স।

☛ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান



বেঙ্গালুরু এফ সি'কে ২-১ ব্যবধানে হারিয়ে, ২০২৪-'২৫ সালে 'ইন্ডিয়ান সুপার লিগ' খেতাব জিতল মোহন বাগান সুপার জায়ান্টস।


## বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

## রাজ্য পুলিশের কনস্টেবল পরীক্ষার তারিখ

১ পাতার পর

পরীক্ষার তারিখ ঠিক হলে পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ডের নিজস্ব এই দু'টি ওয়েবসাইটে জানানো হবে : https://prb.wb.gov.in আর www.wbpolice.gov.in তবে অন্য এক সূত্র মারফৎ জানা গেছে, পরীক্ষা দুর্গাপুজোর আগে হওয়ার সম্ভাবনা আছে, যদি না অন্য কোনো প্রতিকূল পরিস্থিতি তৈরি হয়। ২৪ মে সংখ্যায় এই সম্ভাবনার কথাই জানানো হয়েছিল। দুর্গাপুজোর আগেই হবে এমন নিশ্চয়তার কথা জানানো হয়নি। এর মধ্যে সুপ্রিম কোর্টের আদেশে স্কুল সার্ভিস কমিশনের এস.এল.এস.টি পরীক্ষার বিজ্ঞপ্তি বেরিয়েছে। এই পরীক্ষা সেপ্টেম্বরের মধ্যে নিয়ে নিয়োগের কাজ ডিসেম্বরের মধ্যে শেষ করার জন্য সুপ্রিম কোর্টের আদেশ রয়েছে।

## বরোদা ব্যাঙ্কে ২,৫০০

১ পাতার পর

শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট, কস্ট অ্যাকাউন্ট্যান্ট, ইঞ্জিনিয়ারিং বা, ডাক্তারি কোর্সের প্রার্থীরাও আবেদন করতে পারেন। কোনো বাণিজ্যিক ব্যাঙ্ক বা, গ্রামীণ ব্যাঙ্কে অন্তত এক বছরের পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকা দরকার। কম্পিউটারে দক্ষতা থাকতে হবে। যে রাজ্যের শূন্যপদের জন্য আবেদন করবেন, সেই রাজ্যের স্থানীয় বা, সরকারি ভাষা সম্বন্ধে জ্ঞান থাকতে হবে। বয়স হতে হবে ১-৭-২০২৫'র হিসাবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর, বিধবা-বিবাহবিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করে থাকলে ৯ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। শুরুতে ১ বছর প্রবেশনে থাকতে হবে। মূল মাইনে : ৪৮,৪৮০-৮৫,৯২০ টাকা। শূন্যপদ : ২,৫০০টি। এর মধ্যে পশ্চিমবঙ্গ ৫০টি (জেনাঃ ২২, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১৩, ই.ডব্লু.এস. ৫)। এর মধ্যে প্রতিবন্ধী ২টি। ত্রিপুরা ৬টি (জেনাঃ ৫, ও.বি.সি. ১)। অসম ৬৪টি (জেনাঃ ২৮, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ১৭, ই.ডব্লু.এস. ৬)। সিকিম ৩টি (জেনাঃ)। ওড়িশা ৬০টি (জেনাঃ ২৫, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ১৬, ই.ডব্লু.এস. ৬)। গোয়া ১৫টি, গুজরাট ১,১৬০টি, জম্মু ও কাশ্মীর ১০টি, কর্ণাটক ৪৫০টি, কেরল ৫০টি, মহারাষ্ট্র ৪৮৫টি, পঞ্জাব ৫০টি, তামিলনাড়ু ৬০টি, অরুণাচল প্রদেশ ৬টি, মণিপুর ১২টি, মেঘালয় ৭টি, মিজোরাম ৪টি, নাগাল্যান্ড ৮টি।

প্রার্থী বাছাই হবে অনলাইন টেস্টের মাধ্যমে। এই পরীক্ষায় অবজেক্টিভ টাইপের ১২০ নম্বরের ১২০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) রিজনিং অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড-৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (২) জেনারেল / ইকনমি অ্যাওয়ারনেস - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৩) ব্যাঙ্কিং নলেজ - ৩০ নম্বরর ৩০টি প্রশ্ন, (৪) ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন। সময় থাকবে ১২০ মিনিট। অবজেক্টিভ টাইপের পার্টে নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। সফল হলে মোট শূন্যপদের ৩ গুণ প্রার্থীকে সাইকোমেট্রিক টেস্ট, গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। তারপর হবে ল্যাঙ্গোয়েজ প্রফিসিয়েন্সি টেস্ট। পরীক্ষা হবে কলকাতা, আসানসোল, হাওড়া, দুর্গাপুর, হুগলি, কল্যাণী ও শিলিগুড়ি। দরখাস্ত করবেন অনলাইনে, ২৪ জুলাই পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.bankofbaroda.in/career/htm অনলাইনে দরখাস্ত করার সময় বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও ফটো, সিগনেচার, লেফট থাম্ব ইমপ্রেশন ইত্যাদি যাবতীয় প্রমাণপত্র স্ক্যান করে নেবেন।

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৮৫০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ১৭৫) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের ২ কপি প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন, যা ইন্টারভিউয়ের সময় দেখাতে হবে। ইন্টারভিউয়ের সময় যাবতীয় প্রমাণপত্র নিয়ে যাবেন।

## প্রাথমিকে ২,৭০০

১ পাতার পর

বিশেষভাবে চাহিদাসম্পন্ন শিশুদের পড়ানোর জন্য 'স্পেশাল এডুকেশন টিচার' হিসাবে প্রার্থী নিয়োগ করা হবে। এতদিন পর্যন্ত স্পেশাল এডুকেটর পদে নিয়োগ হত চুক্তিতে। রাজ্যে এই প্রথম স্পেশাল এডুকেটর নিয়োগ করা হবে। নিয়োগ করবে পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ। এবছর ১৮ মার্চ স্কুল শিক্ষা দফতর এক গেজেট বিজ্ঞপ্তি (No. WB(Part-1) / 2025/SAR-128, Registered No. WB/SC-247) প্রকাশ করেছিল। সম্প্রতি অর্থমন্ত্রক এই নিয়োগের অনুমোদন দিয়েছে। নিয়োগের পরীক্ষায় নিরাপত্তা সংক্রান্ত যন্ত্রাংশ সরবরাহকারী সংস্থার কাছ থেকে ই-টেন্ডার ডাকা হয়েছে। রিহ্যাবিলিটেশন কাউন্সিল অফ ইন্ডিয়া (আর.সি.আই.) অনুমোদিত সংস্থা থেকে ডি.এড. (স্পেশাল এডুকেশন) কিংবা ডি.এল.এড. (স্পেশাল এডুকেশন)-এর কোর্স পাশ ছেলেমেয়েরা এই পদের জন্য আবেদন করতে পারবেন। বয়স হতে হবে ১-১-২০২৫'এর হিসাবে ২০ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। চুক্তিভিত্তিক স্পেশাল এডুকেটরদের জন্য ১০ শতাংশ শূন্যপদ সংরক্ষিত থাকবে। কর্মরত স্পেশাল এডুকেটররাও এই পরীক্ষা দিতে পারবেন। যে মাধ্যমের স্কুলে পড়াতে হবে সেই বিষয়টি মাধ্যমিক বা, উচ্চমাধ্যমিক স্তরে থাকতে হবে।

প্রার্থী বাছাই করবে প্রাথমিক শিক্ষা পর্ষদ। এজন্য প্রথমে 'টেট' দিতে হবে। প্রার্থী বাছাই পরীক্ষায় মোট ১০০ নম্বর থাকবে। এর মধ্যে 'টেট'এর জন্য ওয়েটেজ থাকবে ৮০ নম্বর, ডেমোনস্ট্রেশন ক্লাসের জন্য ১০ নম্বর আর ইন্টারভিউয়ের জন্য ১০ নম্বর থাকবে। 'টেট' হবে এন.সি.টি.ই.'র নিয়মানুসারে, ও.এম.আর. শীটে। এই ও.এম.আর. শীট ১০ বছরের জন্য সংরক্ষিত থাকবে। সফল হলে জেলা ভিত্তিক, মিডিয়াম ভিত্তিক ও ক্যাটেগরিভিত্তিক তালিকা তৈরি হবে। চূড়ান্ত তালিকায় থাকা সব প্রার্থীরা কোন বিষয়ে কত নম্বর পেয়েছেন তারও উল্লেখ থাকবে। পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ এ মাসেই বিজ্ঞপ্তি প্রকাশ করবে।

### আই.বি.পি.এস. পরীক্ষার মাধ্যমে

# রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ৮২৫ অফিসার

**নিজস্ব প্রতিনিধি, নয়া দিল্লি :** সারা ভারতের ৩টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে 'স্পেশালিস্ট অফিসার' পদে ৮২৫ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে এইসব শাখায় : আই.টি. অফিসার, অ্যাগ্রিকালচার ফিল্ড অফিসার, ল' অফিসার, মার্কেটিং অফিসার, এইচ.আর. / পার্সোনেল অফিসার। লোক নেবে 'ইনস্টিটিউট অফ ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (IBPS)'এর 'Recruitment of Specialist Officers In Participating Banks (CRP SPL-XV) পরীক্ষার মাধ্যমে। লিখিত পরীক্ষায় সফল হলে ওই ৩টি ব্যাঙ্কেরই ওই পদে শুধুমাত্র ইন্টারভিউ ও গ্রুপ ডিসকাশনের পরীক্ষা দিয়ে চাকরির সুযোগ পেতে পারবেন। এই পদ্ধতিতে নিয়োগ হবে এই ৩টি ব্যাঙ্কে : ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র, ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্ক, পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, ব্যাঙ্ক অফ বরোদা, ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া। কারা কোন পদের জন্য যোগ্য :

**আই.টি. অফিসার (স্কেল-।) :** কম্পিউটার সায়েন্স, কম্পিউটার অ্যাপ্লিকেশন, ইনফর্মেশন টেকনোলজি, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ৪ বছরের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, কম্পিউটার সায়েন্স, ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার অ্যাপ্লিকেশনের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশরাও যোগ্য। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা 'ডোয়েক' থেকে 'বি' লেভেল কোর্স পাশ হলেও যোগ্য। চাকরি হবে স্কেল-।'এ। পোস্ট কোড : 01. **কোন ব্যাঙ্কে ক'টি শূন্যপদ :** ব্যাঙ্ক অফ ইন্ডিয়া ৩টি (জেনাঃ)। ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র ৮০টি (জেনাঃ ৩৩, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ৬, ও.বি.সি. ২১, ই.ডব্লু.এস. ৮)। এর মধ্যে প্রতিবন্ধী ৩। **ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্কে** ২০টি (জেনাঃ ৯, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ২)। **পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কে ১০০টি** (জেনাঃ ৪১, তঃজাঃ ১৫, তঃউঃজাঃ ৭, ও.বি.সি. ২৭, ই.ডব্লু.এস. ১০)। এর মধ্যে প্রতিবন্ধী ৪।

**অ্যাগ্রিকালচার ফিল্ড অফিসার (স্কেল-।) :** অ্যাগ্রিকালচার, হর্টিকালচার, অ্যানিম্যাল হাজবেন্ড্রি, ভেটেরিনারি সায়েন্স, ডেয়ারি সায়েন্স, ফিশারি সায়েন্স, পিসিকালচার বা, অ্যাগ্রি মার্কেটিং অ্যান্ড কো-অপারেশন, কো-অপারেশন অ্যান্ড ব্যাঙ্কিং বা, অ্যাগ্রো ফরেস্ট্রি, ফরেস্ট্রি, অ্যাগ্রিকালচারাল বায়োটেকনোলজি, ফুড সায়েন্স, অ্যাগ্রিকালচারাল বিজনেস ম্যানেজমেন্ট, ফুড টেকনোলজি, ডেয়ারি টেকনোলজি, সেরিকালচার, ফিশারি ইঞ্জিনিয়ারিং, অ্যাগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিংয়ের ৪ বছরের ডিগ্রি কোর্স পাশরা আবেদনের যোগ্য। চাকরি হবে স্কেল-।'এ। পোস্ট কোড : 02. **কোন ব্যাঙ্কে ক'টি শূন্যপদ :** ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র ৮০টি (জেনাঃ ৩৩, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ৬, ও.বি.সি. ২১, ই.ডব্লু.এস. ৮)। এর মধ্যে প্রতিবন্ধী ৩। ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্ক ৮০টি (জেনাঃ ৩৩, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ৬, ও.বি.সি. ২১, ই.ডব্লু.এস. ৮)। এর মধ্যে প্রতিবন্ধী ৩। **পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কে ১৫০টি** (জেনাঃ ৬২, তঃজাঃ ২২, তঃউঃজাঃ ১১, ও.বি.সি. ৪০, ই.ডব্লু.এস. ১৫)।

**ল অফিসার (স্কেল-।):** আইনের ডিগ্রি (এলএল.বি.) কোর্স পাশরা বার কাউন্সিলে অ্যাডভোকেট হিসাবে নাম নথিভুক্ত থাকলে আবেদনের যোগ্য। চাকরি হবে স্কেল-।'এ। পোস্ট কোড : 04. **কোন ব্যাঙ্কে ক'টি শূন্যপদ : ব্যাঙ্ক অফ ইন্ডিয়ায় ১টি** (জেনাঃ)। ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র ৩০টি (জেনাঃ ১৩, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৮, ই.ডব্লু.এস. ৩)। সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া ২৫টি (জেনাঃ ১৩, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ২)।

**এইচ. আর. / পার্সোনেল অফিসার (স্কেল-।) :** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা পার্সোনেল ম্যানেজমেন্ট, ইন্ডাস্ট্রিয়াল রিলেশন্স, এইচ.আর. / এইচ.আর.ডি., সোশ্যাল ওয়ার্ক, লেবার ল'র পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা, পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশরা আবেদনের যোগ্য। চাকরি হবে স্কেল-।'এ। পোস্ট কোড : 05. **কোন ব্যাঙ্কে ক'টি শূন্যপদ : ব্যাঙ্ক অফ বরোদা ১০টি** (জেনাঃ ৬, তঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)।

**মার্কেটিং অফিসার (স্কেল-।):** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা এম.বি.এ. (মার্কেটিং) কিংবা স্পেশালাইজেশন হিসাবে মার্কেটিং বিষয় নিয়ে বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা বা, বিজনেস ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা, পি.জি.পি.এম., পি.জি.ডি.এম. কোর্স পাশ হলে আবেদনের যোগ্য। চাকরি হবে স্কেল-।'এ। পোস্ট কোড : 06. **পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কে ৩৫০টি** (জেনাঃ ১৪৩, তঃজাঃ ৫২, তঃউঃজাঃ ২৬, ও.বি.সি. ৯৪, ই.ডব্লু.এস. ৩৫)।

বয়স হতে হবে ১-৭-২০২৫'র হিসাবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-৭-১৯৯৫ থেকে ১-৭-২০০৫'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। প্রথমে সর্বভারতীয় ভিত্তিতে প্রিলিমিনারি পরীক্ষা হবে আগস্টে। পরীক্ষা হবে পূর্ব ভারতে এইসব কেন্দ্রে : পশ্চিমবঙ্গের গ্রেটার কলকাতা, শিলিগুড়ি, হুগলি, কল্যাণী, আসানসোল, দুর্গাপুর। সিকিমের গ্যাংটক, ত্রিপুরার আগরতলা, ওড়িশার বেরহামপুর, ভুবনেশ্বর, কটক, ঢেঙ্কানল, রৌরকেলা, সম্বলপুর। ঝাড়খণ্ডের বোকারো, ধানবাদ, জামশেদপুর, হাজারিবাগ, রাঁচি। বিহারের ভাগলপুর, দ্বারভাঙ্গা, মজঃফরপুর, পটনা, পূর্ণিয়া। অসমের গুয়াহাটি, শিলচর, তেজপুর, জোড়হাট, ডিব্রুগড়।

আই.টি. অফিসার, অ্যাগ্রিকালচারাল ফিল্ড অফিসার, এইচ. আর. / পার্সোনেল অফিসার ও মার্কেটিং অফিসার স্কেল-। পদের বেলায় প্রিলিমিনারি অনলাইন পরীক্ষায় অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) রিজনিং - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। (২) ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ২৫ নম্বরের ৫০টি প্রশ্ন। (৩) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড- ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় থাকবে ২ ঘন্টা। সফল হলে মেন পরীক্ষা। এই পরীক্ষায় পেশাগত জ্ঞানের ওপর ৬০ নম্বরের ৬০টি প্রশ্ন হবে। সময় ৪৫ মিনিট।

ল' অফিসার পদের বেলায় প্রিলিমিনারি অনলাইন পরীক্ষায় অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) রিজনিং - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। (২) ইংলিশ ল্যাঙ্গোয়েজ- ২৫ নম্বরের ৫০টি প্রশ্ন। (৩) জেনারেল অ্যাওয়ারনেস (স্পেশাল রেফারেন্স ব্যাঙ্কিং ইন্ডাস্ট্রি)-৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় থাকবে ২ ঘন্টা। সফল হলে মেন পরীক্ষা। এই পরীক্ষায় পেশাগত জ্ঞানের ওপর ৬০ নম্বরের ৬০টি প্রশ্ন হবে। সময় ৪৫ মিনিট।

ইংলিশ ল্যাঙ্গোয়েজ বিষয় ছাড়া অন্যান্য সব পেপারের বেলায় প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। লিখিত পরীক্ষা সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য কল লেটার ডাউনলোড করার সময় ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন কিংবা ইনফর্মেশন হ্যান্ডআউট থেকে জানতে পারবেন। প্রিলিমিনারি ও মেন পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্তনম্বর থেকে ০.২৫ নম্বর কাটা যাবে। একটি প্রশ্নের উত্তরে একাধিক জায়গায় টিক মারলে সেই প্রশ্নটি ভুল হিসাবে ধরা হবে ও টিক মারা উত্তরের মধ্যে কোনোটি ঠিক মনে হলে পেনাল্টি হিসাবে প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। তবে কোনো প্রশ্নের উত্তর না করলে কোনো পেনাল্টি কাটা হবে না।

লিখিত পরীক্ষায় প্রতিটি পার্টে ন্যূনতম কোয়ালিফাইং নম্বর পেলে ১০০ নম্বরের ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে।

লিখিত পরীক্ষার 'কল লেটার' ওপরের ওই ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন আগস্টে। পরীক্ষার সময় টাকা জমা দেওয়ার প্রমাণপত্র (ই-রিসিপ্ট/ এন.ই.এফ.টি. পেমেন্ট রিসিপ্ট) নিয়ে যাবেন। এছাড়া ফটো সাঁটা কোনো প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত করা জেরক্স কপি (প্যান কার্ড, পাসপোর্ট, ড্রাইভিং লাইসেন্স, ব্যাঙ্ক পাশবুক) নিয়ে যাবেন।

প্রিলিমিনারি লিখিত পরীক্ষার ফল প্রকাশিত হবে সেপ্টেম্বরে। মেন পরীক্ষা হবে নভেম্বরে। এই পরীক্ষায় পেশাগত জ্ঞানের ওপর ৬০ নম্বরের ৬০টি প্রশ্ন হবে। সময় থাকবে ৪৫ মিনিট। কল লেটার ডাউনলোড করতে পারবেন সেপ্টেম্বর-অক্টোবরে। ফল বেরোবে নভেম্বরে। ১০০ নম্বরের ইন্টারভিউ হবে ডিসেম্বর-জানুয়ারিতে। ৪০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৩৫%) নম্বর পেলে সফল হবেন। এরপর সফলদের নাম অ্যালটমেন্ট করা হবে জানুয়ারি-ফেব্রুয়ারিতে। দরখাস্ত করবেন অনলাইনে, ২১ আগস্ট পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.ibps.in অনলাইনে দরখাস্ত করার আগে যেসব প্রমাণপত্র নিজের কাছে থাকতে হবে : (১) বৈধ ই-মেল আই.ডি.। (২) পাসপোর্ট মাপের ফটো, নিজের সই (সিগনেচার) আর লেফট থাম্ব ইমপ্রেশন স্ক্যান করা থাকতে হবে।

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে 'Common Written Examination'এ ক্লিক করলে পুরো বিজ্ঞাপনটি পাবেন। তাতে Click here to apply online for CWE-Specialist officer (CRP-SPL-XV)'এ ক্লিক করলে অনলাইন অ্যাপ্লিকেশন ফর্ম দেখতে পাবেন। ওই ফর্মের যাবতীয় কলম ঠিকভাবে পূরণ করবেন, স্ক্যান করা ফটো ও সই আপলোড করবেন (ফটো ও সই সি.ডি. করে কিংবা পেন ড্রাইভে নিয়ে যাবেন)।

এবার পেমেন্ট গেটওয়ের মাধ্যমে পরীক্ষা ফী বাবদ ৮৫০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ১৭৫) টাকা দেবেন শুধুমাত্র অনলাইনে মাস্টার / ভিসা ডেবিট বা, ক্রেডিট কার্ডে কিংবা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। অনলাইন ট্রানজাকশন সম্পূর্ণ হলে রেজিস্ট্রেশন নম্বর ও পাশওয়ার্ড পাবেন। তখন ই-রিসিপ্ট প্রিন্ট করে নেবেন। টাকা জমা দিতে পারবেন ২১ জুলাইয়ের মধ্যে। নাম রেজিস্ট্রেশন হওয়ার পর ই-মেল বা, মোবাইলে এস.এম.এস. মারফত রেজিস্ট্রেশন নম্বর ও পাশওয়ার্ড পাবেন।

## রেলের NTPC-র CBT টেস্ট

১ পাতার পর

জন্য দু'টি পর্যায়ের অনলাইন সি.বি.টি. টেস্ট হবে। প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড টেস্টে ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস -৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, (২) অঙ্ক-৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৩) জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং-৩০ নম্বরের ৩০টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্তনম্বর থেকে ১ নম্বর কাটা হবে। এই পরীক্ষায় সাধারণ প্রার্থীরা ৪০%, ও.বি.সি.'রা ৩০%, তপশিলী জাতির প্রার্থীরা ৩০%, তপশিলী উপজাতির প্রার্থীরা ২৫% নম্বর পেলে দ্বিতীয় পর্যায়ের সি.বি.টি. টেস্টের জন্য ডাক পাবেন। মোট শূন্যপদের ১৫ গুণ প্রার্থীকে দ্বিতীয় পর্যায়ের সি.বি.টি. টেস্টের জন্য ডাকা হবে।

দ্বিতীয় পর্যায়ের সি.বি.টি. টেস্টে ১২০ নম্বরের ১২০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস -৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, (২) অঙ্ক -৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং -৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। প্রতিবন্ধী প্রার্থীরা অতিরিক্ত ৩০ মিনিট সময় পাবেন। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে।

লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে সংশ্লিষ্ট রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের স্থানীয় ভাষায়, ইংরিজি, হিন্দি ও উর্দুতে। কলকাতা, শিলিগুড়ি, মালদা, রাঁচী ও গুয়াহাটি রেল রিক্রুট. বোর্ডের পরীক্ষার প্রশ্ন হবে বাংলায়।

## ব্যাঙ্কে ৫,২০৮

১ পাতার পর

হবে ২-৭-১৯৯৫ থেকে ১-৭-২০০৫'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৪৮,৪৮০-৮৫,৯২০ টাকা। কোন ব্যাঙ্কে ক'টি শূন্যপদ : (১) ব্যাঙ্ক অফ ইন্ডিয়া : ৭০০টি (জেনাঃ ২৮৩, তঃজাঃ ১০৫, তঃউঃজাঃ ৫৩, ও.বি.সি. ১৮৯, ই.ডব্লু.এস. ৭০)। এর মধ্যে বধির প্রতিবন্ধী ৭, অস্থি প্রতিবন্ধী ৭, দৃষ্টিহীন প্রতিবন্ধী ৭, আই.ডি. ৭)। (২) কানাড়া ব্যাঙ্ক : ১,০০০টি (জেনাঃ ৫০০, তঃজাঃ ১৫০, তঃউঃজাঃ ৫০, ও.বি.সি. ২০০, ই.ডব্লু.এস. ১০০)। এর মধ্যে বধির প্রতিবন্ধী ১০, অস্থি প্রতিবন্ধী ১০, দৃষ্টিহীন প্রতিবন্ধী ১০, আই.ডি. ১০)। (৩) সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া : ৫০০টি (জেনাঃ ২০৩, তঃজাঃ ৭৫, তঃউঃজাঃ ৩৭, ও.বি.সি. ১৩৫, ই.ডব্লু.এস. ৫০)। এর মধ্যে বধির প্রতিবন্ধী ৫, অস্থি প্রতিবন্ধী ৫, দৃষ্টিহীন প্রতিবন্ধী ৫, আই.ডি. ৫)। (৪) ইন্ডিয়ান ওভারসীজ ব্যাঙ্ক : ৪৫০টি (জেনাঃ ১৮৩, তঃজাঃ ৬৯, তঃউঃজাঃ ৩৩, ও.বি.সি. ১২১, ই.ডব্লু.এস. ৪৪)। এর মধ্যে বধির প্রতিবন্ধী ৪, অস্থি প্রতিবন্ধী ৫, দৃষ্টিহীন প্রতিবন্ধী ৭, আই.ডি. ৬)। (৫) পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক : ২০০টি (জেনাঃ ৮১, তঃজাঃ ৩০, তঃউঃজাঃ ১৫, ও.বি.সি. ৫৪, ই.ডব্লু.এস. ২০)। এর মধ্যে বধির প্রতিবন্ধী ২, অস্থি প্রতিবন্ধী ২, দৃষ্টিহীন প্রতিবন্ধী ২, আই.ডি. ২)। (৬) পঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক : ৩৫৮টি (জেনাঃ ১৪৪, তঃজাঃ ৫৩, তঃউঃজাঃ ২৭, ও.বি.সি. ৯৮, ই.ডব্লু.এস. ৩৬)। এর মধ্যে বধির প্রতিবন্ধী ১৬, অস্থি প্রতিবন্ধী ৩, দৃষ্টিহীন প্রতিবন্ধী ৩, আই.ডি. ১১)। (৭) ব্যাঙ্ক অফ বরোদা : ১,০০০টি (জেনাঃ ৪০৫, তঃজাঃ ১৫০, তঃউঃজাঃ ৭৫, ও.বি.সি. ২৭০, ই.ডব্লু.এস. ১০০)। এর মধ্যে বধির প্রতিবন্ধী ১০, অস্থি প্রতিবন্ধী ১০, দৃষ্টিহীন প্রতিবন্ধী ১০, আই.ডি. ১০)। (৮) ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র : ১,০০০টি (জেনাঃ ৪০৫, তঃজাঃ ১৫০, তঃউঃজাঃ ৭৫, ও.বি.সি. ২৭০, ই.ডব্লু.এস. ১০০)। এর মধ্যে বধির প্রতিবন্ধী ১০, অস্থি প্রতিবন্ধী ১০, দৃষ্টিহীন প্রতিবন্ধী ১০, আই.ডি. ১০)।

প্রার্থী বাছাই হবে অনলাইন (প্রিলিমিনারি ও মেন) পরীক্ষার মাধ্যমে। প্রথমে অনলাইন প্রিলিমিনারি পরীক্ষা হবে আগস্টে। পূর্ব ভারতে এইসব কেন্দ্রে : পশ্চিমবঙ্গের গ্রেটার কলকাতা, শিলিগুড়ি, হাওড়া, দুর্গাপুর, আসানসোল, হুগলি, কল্যাণী। অসমের ডিব্রুগড়, গুয়াহাটি, জোড়হাট, শিলচর, তেজপুর। বিহারের ভাগলপুর, দ্বারভাঙা, মজঃফরপুর, পটনা, পূর্ণিয়া, সমস্তিপুর, গয়া, আরা, ঔরঙ্গাবাদ। ঝাড়খণ্ডের বোকারো স্টিল সিটি, ধানবাদ, জামশেদপুর, হাজারিবাগ, রাঁচি। ওড়িশার বালাশোর, বেরহামপুর (গঞ্জাম), ভুবনেশ্বর, কটক, ঢেঙ্কানল, রৌরকেল্লা, সম্বলপুর। সিকিমের বারডাং /গ্যাংটক। ত্রিপুরার আগরতলা। প্রশ্ন হবে ইংরিজিতে।

প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ টাইপের পার্টে ১০০ নম্বরের ১ ঘন্টার প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) ইংলিশ ল্যাঙ্গোয়েজ-৩০ নম্বর, (২) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড- ৩৫ নম্বর, (৩) রিজনিং এবিলিটি -৩৫ নম্বর। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। ওই তিনটি বিষয়ের প্রতিটিতে কাট-অফ নম্বর পেয়ে থাকতে হবে। কাট-অফ নম্বর কত থাকবে তা আই.বি.পি.এস. ঠিক করবে। কল লেটার ডাউনলোড করতে পারবেন আগস্টে। প্রিলিমিনারি পরীক্ষার ফল বেরোবে সেপ্টেম্বরে।

এরপর অনলাইন মেন পরীক্ষা। মেন পরীক্ষা হবে অক্টোবরে, আসানসোল, গ্রেটার কলকাতা, কল্যাণী, শিলিগুড়িতে। এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের ২০০ নম্বরের ১৪৫টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) রিজনিং-৬০ নম্বরের ৪০টি প্রশ্ন। সময় থাকবে ৫০ মিনিট। (২) ইংলিশ ল্যাঙ্গোয়েজ -৪০ নম্বরের ৩৫টি প্রশ্ন। সময় থাকবে ৪০ মিনিট। (৩) জেনারেল /ইকনমি /ব্যাঙ্কিং অ্যাওয়ারনেস -৫০ নম্বরের ৩৫টি প্রশ্ন। সময় থাকবে ২৫ মিনিট। (৪) ডাটা অ্যানালাইসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন -৫০ নম্বরের ৩৫টি প্রশ্ন। সময় থাকবে ৪৫ মিনিট।

এছাড়াও ইংলিশ ল্যাঙ্গোয়েজ (চিঠি লেখা ও প্রবন্ধ লেখা) পেপারে ২৫ নম্বরের ২টি প্রশ্ন। সময় থাকবে ৩০ মিনিট।

প্রশ্ন হবে ইংরিজিতে। মেন পরীক্ষার কল লেটার ডাউনলোড করতে পারবেন সেপ্টেম্বর-অক্টোবরে। প্রিলিমিনারি ও মেন পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্তনম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। প্রিলিমিনারি পরীক্ষায় সফল হলে তবেই মেন পরীক্ষার জন্য ডাকা হবে। মেন পরীক্ষার ফল বেরোবে নভেম্বরে। মেন পরীক্ষায় পাওয়া নম্বর দেখে ১০০ নম্বরের ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। ইন্টারভিউ হবে ডিসেম্বর-জানুয়ারিতে। ইন্টারভিউয়ে ৪০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৩৫%) নম্বর পেলে সফল হবেন। মেন পরীক্ষা ও ইন্টারভিউয়ের নম্বর যোগ করে অর্থাৎ, ৮০:২০ অনুপাতে কম্বাইন্ড ফাইনাল স্কোর তৈরি হবে। তখন প্রভিশনাল অ্যালোটমেন্ট করা হবে জানুয়ারি-ফেব্রুয়ারিতে। ইন্টারভিউয়ের সময় নীচের এইসব প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত নকল নিয়ে যাবেন : (১) ইন্টারভিউয়ের কল লেটার, (২) সিস্টেম জেনারেটেড অনলাইন অ্যাপ্লিকেশন ফর্ম, (৩) মাধ্যমিকের সার্টিফিকেট, (৪) ফটো আইডেন্টিটি কার্ড, (৫) শিক্ষাগত যোগ্যতার যাবতীয় মার্কশীট ও সার্টিফিকেট, (৬) কাস্ট সার্টিফিকেট, (৭) প্রতিবন্ধীরা দেবেন ডাক্তারি সার্টিফিকেট, (৮) প্রাক্তন সমরকর্মীরা দেবেন যথাবিহিত সার্টিফিকেট, (৯) অভিজ্ঞতার সার্টিফিকেট (যদি থাকে)।

প্রিলিমিনারি ও মেন পরীক্ষার 'কল লেটার' শুধুমাত্র ওপরের ওই ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন। লিখিত পরীক্ষার সময় টাকা জমা দেওয়ার প্রমাণপত্র (ই-রিসিপ্ট / এন.ই.এফ.টি. পেমেন্ট রিসিপ্ট) নিয়ে যাবেন। এছাড়া ফটো সাঁটা কোনো প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত করা জেরক্স কপি (প্যান কার্ড, পাশপোর্ট, ড্রাইভিং লাইসেন্স, ব্যাঙ্ক পাশবুক) নিয়ে যাবেন।

তপশিলী, প্রতিবন্ধী ও সংখ্যালঘু সম্প্রদায়ের প্রার্থীদের বেলায় প্রি-এক্সামিনেশন ট্রেনিং হবে আগস্টে, কলকাতা, শিলিগুড়ি, শিলং, আগরতলা, ভুবনেশ্বর, ধানবাদ, গুয়াহাটি, পটনা, রাঁচি-সহ অন্যান্য শহরে। এজন্য দরখাস্ত করার সময় সংশ্লিষ্ট কলম পূরণ করবেন। প্রি-এক্সামিনেশন ট্রেনিংয়ের কল লেটার ডাউনলোড করতে পারবেন আগস্টে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২১ জুলাইপর্যন্ত। এই ওয়েবসাইটে : www.ibps.in অনলাইনে দরখাস্ত করার আগে যেসব বিষয় নিজের কাছে থাকতে হবে : (১) বৈধ ই-মেল আই.ডি.। যাঁদের আই.ডি. নেই, তাঁরা নিজের নামে ই-মেল আই.ডি. বানিয়ে নিয়ে তবেই দরখাস্ত করবেন। (২) পাশপোর্ট মাপের নিজের ফটো (৪.৫×৩.৫ সেমি) ও নিজের সই (সিগনেচার) আর লেফট থাম্ব ইমপ্রেশন স্ক্যান করে নেবেন। ২০০ ডি.পি.আই.'তে জে.পি.ই.জি., জে.পি.জি. ফর্ম্যাটে স্ক্যান করবেন। সিগনেচারের মাপ হতে হবে ১৪০×৬০ পিক্সেল (১০-২০ কে.বি.) আর ফটোর মাপ হতে হবে ২০০×২৩০ পিক্সেল (২০-৫০ কে.বি.)।

এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে অনলাইন অ্যাপ্লিকেশন ফর্ম পাবেন। এবার যাবতীয় তথ্য দিয়ে আর ফটো ও সিগনেচার আপলোড করলে নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৮৫০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ১৭৫) টাকা মাস্টার কার্ড / ভিসা ডেবিট, ক্রেডিট কার্ড বা, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর রেজিস্ট্রেশন হয়ে যাবে ও রেজিস্ট্রেশন নম্বর আর পাশওয়ার্ড পাবেন। আর 'e-receipt' পাবেন। যা প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন। আরো বিস্তারিত তথ্য ওপরের ওই ওয়েবসাইটে পাবেন।

## ১,৩৪০ জুনিয়র ইঞ্জিনিয়ার

১ পাতার পর

ঘইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা সি.পি.ডব্লু.ডি.'র 'জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল)' পদের জন্য আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে। কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ইলেক্ট্রিক্যাল বা, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা সি.পি.ডব্লু.ডি.'র 'জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল)' পদের জন্য আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে।

কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশ ছেলেরা প্রতিরক্ষা মন্ত্রকের বর্ডার রোডস অর্গানাইজেশনের 'জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল)' পদের জন্য যোগ্য। সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা প্ল্যানিং, এক্সিকিউশন বা, মেন্টেন্যান্সের কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকলেও আবেদনের যোগ্য। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে।

কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ইলেক্ট্রিক্যাল বা, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশ ছেলেরা প্রতিরক্ষা মন্ত্রকের অধীন বর্ডার রোডস অর্গানাইজেশনের 'জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড মেকানিক্যাল) পদের জন্য আবেদন করতে পারেন। ইলেক্ট্রিক্যাল, অটোমোবাইল বা, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা প্ল্যানিং, এক্সিকিউশন বা, মেন্টেন্যান্সের কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকলেও আবেদনের যোগ্য। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে।

কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসের 'জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল)' পদের জন্য যোগ্য। সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা সিভিল ইঞ্জিনিয়ারিং ওয়ার্ক্স, প্ল্যানিং, এক্সিকিউশন ও মেন্টেন্যান্সের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলেও যোগ্য। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে।

কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ইলেক্ট্রিক্যাল বা, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসের 'জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড মেকানিক্যাল)' পদের জন্য যোগ্য। ইলেক্ট্রিক্যাল বা, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা ইলেক্ট্রিক্যাল বা, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং ওয়ার্ক্স, প্ল্যানিং, এক্সিকিউশন ও মেন্টেন্যান্সের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলেও যোগ্য। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে।

কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে ফারাক্কা ব্যারেজের 'জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল)' শাখার জন্য যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে ফারাক্কা ব্যারেজের 'জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল)' শাখার জন্য যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে সেন্ট্রাল ওয়াটার অ্যান্ড পাওয়ার রিসার্চ স্টেশনের 'জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল)' শাখার জন্য যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

**কর্মসংস্থান**
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ —
✆: 9830795430

**চাকরির জন্য টাকা দেবেন না**

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ফ্রেস ও একইসঙ্গে চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফী-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, কর্মসংস্থান।

কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে সেন্ট্রাল ওয়াটার অ্যান্ড পাওয়ার রিসার্চ স্টেশনের 'জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল)' শাখার জন্য যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ হলে সেন্ট্রাল ওয়াটার কমিশনের 'জুনিয়র ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল)' শাখার জন্য যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ হলে সেন্ট্রাল ওয়াটার কমিশনের 'জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল)' শাখার জন্য যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে ন্যাশনাল টেকনিক্যাল রিসার্চ অর্গানাইজেশনের 'জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল)' শাখার জন্য যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশ হলে প্রতিরক্ষা মন্ত্রকের অধীন ডি.জি.কিউ.এ-ন্যাভাল-এ 'জুনিয়র ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল)' শাখার জন্য যোগ্য। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা সংশ্লিষ্ট কাজে অন্তত ২ বছর কাজ করার অভিজ্ঞতা থাকলেও যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশ হলে প্রতিরক্ষা মন্ত্রকের অধীন ডি.জি.কিউ.এ-ন্যাভাল-এ 'জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল)' শাখার জন্য যোগ্য। ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা সংশ্লিষ্ট কাজে অন্তত ২ বছর কাজ করার অভিজ্ঞতা থাকলেও যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে জলশক্তি মন্ত্রকের অধীন ব্রহ্মপুত্র বোর্ডের 'জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল)' শাখার জন্য যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ১-১-২০২৬'র হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, শারীরিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি হলে ১৩) বছর ও কর্মরত আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। প্রার্থীদের শারীরিক ও মানসিক সক্ষমতা থাকা দরকার। এজন্য ডাক্তারি পরীক্ষাও হবে ও সেই পরীক্ষায় সফল না হতে পারলে চাকরি পাবেন না। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। চাকরি হবে জেনারেল সেন্ট্রাল সার্ভিস (টেকনিক্যাল) গ্রুপ 'বি' নন-গেজেটেড অফিসার পদে।

প্রার্থী বাছাই করবে 'স্টাফ সিলেকশন কমিশন'। ২০২৫ সালের 'জুনিয়র ইঞ্জিনিয়ার্স (সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল) পরীক্ষার মাধ্যমে। প্রথমে অবজেক্টিভ টাইপের কম্পিউটার বেসড পরীক্ষা হবে ২৭ অক্টোবর থেকে ৩১ অক্টোবর। এই পরীক্ষায় থাকবে দু'টি পেপার। পরীক্ষা হবে পূর্ব-ভারতে এইসব কেন্দ্রে (ব্রাকেটে কোড নং দেওয়া হল) : কলকাতা (কোড ৪৪১০), শিলিগুড়ি (কোড ৪৪১৫), আসানসোল (কোড ৪৪১৭), কল্যাণী (কোড ৪৪১৯), বর্ধমান (কোড ৪৪২২), দুর্গাপুর (কোড ৪৪২৬), গ্যাংটক (৪০০১), ভুবনেশ্বর (৪৬০৪), পোর্ট ব্লেয়ার (৪৮০২), রাঁচী (৪২০৫), পটনা (৩২০৬), আগরতলা (৫৬০১), গুয়াহাটি (দিসপুর) (৫১০৫), ইটানগর (৫০০১), ইম্ফল (৫৫০১), আইজল (৫৭০১), কোহিমা (৫৩০২) ও শিলঙে (৫৪০১)।

৫০০ নম্বরের কম্পিউটার বেসড এই পরীক্ষায় অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে এই দু'টি পেপারের। প্রথম পত্রে থাকবে এইসব বিষয় : (১) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। (২) জেনারেল অ্যাওয়ারনেস, ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। (৩) জেনারেল ইঞ্জিনিয়ারিং (সিভিল অ্যান্ড স্ট্রাকচারাল/ জেনারেল ইঞ্জিনিয়ারিং (ইলেক্ট্রিক্যাল / মেকানিক্যাল), ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন। সময় থাকবে ২ ঘন্টা।

এরপর দ্বিতীয় পত্রের পরীক্ষায় ৩০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ টাইপের কম্পিউটার বেসড পরীক্ষায় প্রশ্ন থাকবে এইসব বিষয়ে : জেনারেল ইঞ্জিনিয়ারিং (সিভিল অ্যান্ড স্ট্রাকচারাল, ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল) বিষয়ে। দ্বিতীয় পেপারের পরীক্ষা হবে জানুয়ারি-ফেব্রুয়ারিতে। সময় থাকবে ২ ঘন্টা। আরো বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে: www.ssc.nic.in

প্রথম পেপারে কোয়ালিফাইং নম্বর পেলে তবেই দ্বিতীয় পেপারের উত্তরপত্র দেখা হবে। সফল হলে ১০০ নম্বরের ইন্টারভিউ (পার্সোন্যালিটি টেস্ট)। পরীক্ষার ২ সপ্তাহ আগে ই-অ্যাডমিট কার্ড ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নেবেন। দরখাস্ত করবেন অনলাইনে, ২১ জুলাই পর্যন্ত। এই ওয়েবসাইটে : https://ssc.nic.in অনলাইনে দরখাস্ত করতে হলে প্রথমে 'পার্ট-।' রেজিস্ট্রেশন করতে হবে। 'পার্ট-।' রেজিস্ট্রেশন করার পর, রেজিস্ট্রেশন নম্বর-সহ প্রিন্ট করে নেবেন। এবার পার্ট-।। রেজিস্ট্রেশনে গিয়ে পেমেন্ট ডিটেলস, ফটোগ্রাফ ও স্ক্যান সিগনেচার দিতে হবে। পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা দিতে হবে নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। টাকা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে দিতে চাইলে পার্ট-। রেজিস্ট্রেশন করার পর সরাসরি পার্ট-।। রেজিস্ট্রেশন করার সময় দিতে পারবেন। অনলাইনে টাকা জমা দেবেন ২২ জুলাইয়ের মধ্যে। এরপর জে.পি.জি. ফর্ম্যাটে ফটো ও স্ক্যান করা সিগনেচার লাগবে। সবশেষে রেজিস্ট্রেশন করার পর প্রিন্ট করে নেবেন। একজন প্রার্থী একটিই দরখাস্ত পাঠাবেন। একাধিক দরখাস্ত পাঠালে সব দরখাস্তই বাতিল হবে। তপশিলী, মহিলা, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না। ফর্ম সংশোধন ও পেমেন্ট সংক্রান্ত সংশোধন করতে পারবেন ১ ও ২ আগস্ট। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## প্রতিরক্ষা সংস্থায় ১,৮৫০

১ পাতার পর

ব্লাকস্মিথ, ফাউন্ড্রি বা, ফাউন্ড্রিম্যান ট্রেডে এন.এ.সি. / এন.টি.সি. / এস.টি.সি. কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ১৭টি (জেনাঃ ৯, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৪, তঃজাঃ ৩)।

জুনিয়র টেকনিশিয়ান (কার্পেন্টার) : কার্পেন্টার ট্রেডে এন.এ.সি. / এন.টি.সি. / এস.টি.সি. কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৪টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১)।

জুনিয়র টেকনিশিয়ান (ইলেক্ট্রিশিয়ান) : ইলেক্ট্রিশিয়ান বা, পাওয়ার ইলেক্ট্রিশিয়ান ট্রেডে এন.এ.সি. / এন.টি.সি. / এস.টি.সি. কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ১৮৬টি (জেনাঃ ৮৮, ই.ডব্লু.এস. ১৬, ও.বি.সি. ৪৬, তঃজাঃ ৩৪, তঃউঃজাঃ ২)।

জুনিয়র টেকনিশিয়ান (ইলেক্ট্রপ্লেটার) : ইলেক্ট্রপ্লেটার ট্রেডে এন.এ.সি. / এন.টি.সি. / এস.টি.সি. কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৩টি (জেনাঃ)।

জুনিয়র টেকনিশিয়ান (এক্সামিনার) : ইলেক্ট্রিশিয়ান, পাওয়ার ইলেক্ট্রিশিয়ান, ফিটার জেনারেল, ইলেক্ট্রনিক্স মেকানিক, মেশিনিস্ট, ওয়েল্ডার গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক, আর্মার্ড ওয়েল্ডিং ট্রেডে এন.এ.সি. / এন.টি.সি. / এস.টি.সি. কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ইলেক্ট্রিশিয়ান ১২টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৩, তঃজাঃ ২)। ফিটার জেনারেল ২৩টি (জেনাঃ ১২, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৪, তঃজাঃ ৫)। ফিটার ইলেক্ট্রনিক্স ৭টি (জেনাঃ ৫, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। মেশিনিস্ট ২১টি (জেনাঃ ১১, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৫, তঃজাঃ ৩)। ওয়েল্ডার ৪টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১)।

জুনিয়র টেকনিশিয়ান (ফিটার জেনারেল) : ফিটার জেনারেল, মেকানিক মেশিন টুল মেন্টেন্যান্স, টুল অ্যান্ড ডাই মেকার ট্রেডে এন.এ.সি. / এন.টি.সি. / এস.টি.সি. কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৬৬৮টি (জেনাঃ ৩৩৩, ই.ডব্লু.এস. ৬১, ও.বি.সি. ১৫৯, তঃজাঃ ১০৯, তঃউঃজাঃ ৬)।

জুনিয়র টেকনিশিয়ান (ফিটার এ.এফ.ভি) : ফিটার জেনারেল ট্রেডে এন.এ.সি. / এন.টি.সি. / এস.টি.সি. কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৪৯টি (জেনাঃ ২৩, ই.ডব্লু.এস. ৫, ও.বি.সি. ১০, তঃজাঃ ১১)।

জুনিয়র টেকনিশিয়ান (ফিটার অটো ইলেক্ট্রিক) : অটো ইলেক্ট্রিশিয়ান ট্রেডে এন.এ.সি. / এন.টি.সি. / এস.টি.সি. কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৫টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১, তঃজাঃ ১)।

জুনিয়র টেকনিশিয়ান (ফিটার ইলেক্ট্রনিক্স) : ইলেক্ট্রনিক্স মেকানিক ট্রেডে এন.এ.সি. / এন.টি.সি. / এস.টি.সি. কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৮৩টি (জেনাঃ ৪২, ই.ডব্লু.এস. ৭, ও.বি.সি. ২০, তঃজাঃ ১৪)।

জুনিয়র টেকনিশিয়ান (হিট ট্রিটমেন্ট অপারেটর) : ফোর্জার অ্যান্ড হিট ট্রিটার ট্রেডে এন.এ.সি. / এন.টি.সি. / এস.টি.সি. কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ১২টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৩, তঃজাঃ ২)।

জুনিয়র টেকনিশিয়ান (মেশিনিস্ট) : মেশিনিস্ট ট্রেডে এন.এ.সি. / এন.টি.সি. / এস.টি.সি. কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৪৩০টি (জেনাঃ ২১৫, ই.ডব্লু.এস. ৩৭, ও.বি.সি. ১০২, তঃজাঃ ৭২, তঃউঃজাঃ ৪)।

জুনিয়র টেকনিশিয়ান (অপারেটর মেটেরিয়াল হ্যান্ডলিং ইকুইপমেন্ট) : ক্রেন অপারেটর ট্রেডে এন.এ.সি. / এন.টি.সি. / এস.টি.সি. কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৬০টি (জেনাঃ ২৯, ই.ডব্লু.এস. ৫, ও.বি.সি. ১৬, তঃজাঃ ১০)।

জুনিয়র টেকনিশিয়ান (পেইন্টার) : পেইন্টার ট্রেডে এন.এ.সি. / এন.টি.সি. / এস.টি.সি. কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ২৪টি (জেনাঃ ১২, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৬, তঃজাঃ ৪)।

জুনিয়র টেকনিশিয়ান (রিগার) : রিগার ট্রেডে এন.এ.সি. / এন.টি.সি. / এস.টি.সি. কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৩৬টি (জেনাঃ ১৮, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ৮, তঃজাঃ ৭)।

জুনিয়র টেকনিশিয়ান (স্যান্ড অ্যান্ড শট ব্লাস্টার) : মাধ্যমিক পাশরা শট ব্লাস্টিং ইন্ডাস্ট্রিতে ২ বছর কাজ করার অভিজ্ঞতা থাকলে যোগ্য। শূন্যপদ : ৬টি (জেনাঃ ৪, ও.বি.সি. ১, তঃজাঃ ১)।

জুনিয়র টেকনিশিয়ান (ওয়েল্ডার) : ওয়েল্ডার গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক বা, আর্মার্ড ওয়েল্ডিং ট্রেডে এন.এ.সি. / এন.টি.সি. / এস.টি.সি. কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ২০০টি (জেনাঃ ১০০, ই.ডব্লু.এস. ২০, ও.বি.সি. ৪৪, তঃজাঃ ৩৪, তঃউঃজাঃ ২)।

ওপরের সব পদের বেলায় শিক্ষাগত যোগ্যতায় অন্তত ৬৫% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৬০%) নম্বর পেয়ে থাকতে হবে। বয়স গুণতে হবে ১৯-৭-২০২৫'এর হিসাবে ৩৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে মাসে ২১,০০০ টাকা।

প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে। এরপর হবে ট্রেড টেস্ট।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৯ জুলাইয়ের মধ্যে। এই ওয়েবসাইটে : https://oftr.formflix.org এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার আর বয়স, শিক্ষাগত যোগ্যতা, আধার কার্ড, প্যান কার্ড, কাস্ট সার্টিফিকেট ইত্যাদি স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৩০০ টাকা অনলাইনে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।


এবার আসছি আমরা কল্যাণীতে

এবছর H.S. পরীক্ষা দিয়েছ নাকি ডিগ্রি কোর্স পড়ছ ?

ভাবছ কোন বিষয় নিয়ে পড়লে বছর কয়েকের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই ?

চটপট চাকরির জন্য কোন প্রফেশনাল কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়ব ?

এসব জানাতেই হচ্ছে

কেরিয়ার ফেয়ার

১৮ ও ১৯ জুলাই (শুক্রবার ও শনিবার) সকাল ১০টা থেকে বিকাল ৫টা

দ্যা গ্র্যান্ড আরিয়ানস হোটেল, কল্যাণী স্টেডিয়াম, কল্যাণী

থাকবে দেশ ও রাজ্যের প্রথম সারির ডিগ্রি, ডিপ্লোমা, আইটিআই, নার্সিং, প্যারামেডিক্যাল, ফার্মাসিউটিক্যাল, অ্যাগ্রিকালচারাল আর অন্যান্য টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল কলেজ, চাকরির কোচিং ইনস্টিটিউটের স্টল

উপস্থাপনায় :

স্পট অ্যাডমিশনে পারেন বিশেষ ছাড়

কর্মসংস্থান পত্রিকা

থাকছে ফ্রি টিফিন

সুখবর | সাফল্য | সাফল্য সাধারণ জ্ঞান | Appointment & Career News

Title Sponsor :

NCSM NATIONAL COMPUTER SAKSHARTA MISSION



বিনামূল্যে প্রবেশ করতে ফোন করুন : 6291684943

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশের পর
নিশ্চিত চাকরীর সুযোগ নিয়ে এল

GLOBALL SCHOOL OF MANAGEMENT(S)
A UNIT OF KALYANI SWAMIJEE WELFARE MISSION

HOTEL MANAGEMENT COURSE করে world এর যে কোনো প্রান্তে যে কোনো sector এ চাকরী নিয়ে নিজের ভবিষ্যৎ গড়ে তুলুন।



Admission open 2025

Course গুলি হল —
- Diploma in Hotel Management (3 yrs)- 1,20,000/-
- Certificate course in Hotel Operation (18 months)- 60,000/-
- Certificate course in Service & Housekeeping (1 yr)- 30,000/-
- Certificate course in Food Production (1 yr)- 40,000/-
- Certificate course in Hotel Operation (6 months)- 10,000/-

• কোর্স চলাকালীন 4000-5000 টাকা income এর সুযোগ। • কোর্স শেষ হওয়ার আগেই চাকরী।

2023 এবং 2024 সালে ছাত্রছাত্রীদের Campasing এর মাধ্যমে 30,000/-1,20,000/- টাকা বেতনের চাকরি দিয়ে নজির সৃষ্টি করেছে।

এছাড়া দুবাই, বেহরিন, কাতার, ওমান, কুয়েত, সিঙ্গাপুর, মালয়েশিয়া, ব্যাংকক, USA, UK AIRLINES & CRUISELINES-এ চাকরীর সুযোগ।

Cont- 9433947225, 9062269582

Website : www.globalschoolmgt.com

## ডি.এল.এড কোর্সে

১ পাতার পর

প্রাইমারি টিচার ও স্কুল সার্ভিস কমিশনের আপার প্রাইমারি টিচার হওয়ার জন্য দরখাস্ত করতে পারবেন। যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পাশরাও ওই শতকরা হারে নম্বর পেয়ে থাকলেও যোগ্য। তবে তাঁদের বেলায় ৪% সীট সংরক্ষিত আছে। ভোকেশনাল শাখার প্রার্থীদের বেলায় উচ্চমাধ্যমিকে ইংরিজি-সহ দু'টি ল্যাঙ্গোয়েজ বিষয় থাকতে হবে। বয়স হতে হবে ১-৭-২০২৫'এর হিসাবে ৩৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রতিবন্ধীরা ৪৫ বছর বয়স পর্যন্ত বয়সে ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীদের বেলায় বয়স হতে হবে ৫৫ বছরের মধ্যে।

সীট প্রতিটি প্রতিষ্ঠানে৫০টি করে। তবে কয়েকটি প্রতিষ্ঠানে সীট ১০০টি করে। পড়ানো হবে বাংলা/অন্যান্য মাধ্যমে। মোট সীট প্রায় ৪৬ হাজারের বেশি। এর মধ্যে সরকারি প্রতিষ্ঠানে সীট প্রায় ৩,৭০০টি। বেসরকারি প্রতিষ্ঠানে সীট প্রায় ৪২০০০টি। এর মধ্যে বাংলা মাধ্যমে সীট প্রায় ৪৫,২০০টি, হিন্দি মাধ্যমে প্রায় ৩০০টি, নেপালী মাধ্যমে প্রায় ১০০টি, উর্দু মাধ্যমে প্রায় ৫০টি, সাঁওতাড় মাধ্যমে প্রায় ৫০টি। এই পদের বিজ্ঞপ্তি নং: No. 432/WBBPE/D.El.Ed/2025/95P-06/25, Date: 30-06-2025.

প্রার্থী বাছাই হবে উচ্চমাধ্যমিকে পাওয়া নম্বর দেখে। শতকরা হার নির্ণয়ের সময় প্রথম ও দ্বিতীয় ল্যাঙ্গোয়েজ বিষয়-সহ বেস্ট অফ ফাইভে পাওয়া নম্বর দেখা হবে। ই.ভি.এস.'র নম্বর এখানে ধরা হবে না। এরপর সার্টিফিকেট ভেরিফিকেশন। মেধা তালিকা ওয়েবসাইটে দেওয়া হবে। ভরতি চলবে ২৮ জুলাই থেকে ৩১ জুলাই পর্যন্ত। সেশন শুরু আগস্টে।

অনলাইনে দরখাস্ত নেওয়া শুরু হয়েছে ৪ জুলাই থেকে। চলবে ২০ জুলাই পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.wbbpe.org, https://wbbprimaryeducation.org এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট, পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর স্ক্যান করা যাবতীয় প্রমাণ পত্র আপলোড করে সাবমিট করলেইনাম রেজিস্ট্রেশন সম্পূর্ণ হবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। এবার পরীক্ষা ফী বাবদ ১,০০০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫০০, ও.বি.সি. হলে ৭৫০) টাকা অনলাইনে দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। প্রতিষ্ঠানের নাম-ঠিকানা পাবেন ওই ওয়েবসাইটে।

প্রগতি ITI-এ ভর্তি
বহরমপুর ও কৃষ্ণনগরে

NCVT অনুমোদিত বহরমপুর প্রগতি ITI ও কৃষ্ণনগর প্রগতি ITI-এ ২০২৫ সেশনে নিচের ট্রেডগুলিতে ভর্তি চলছে

কোর্স : ইলেক্ট্রিশিয়ান ও ফিটার

বহরমপুর : 9434900500
কৃষ্ণনগর : 9434900700

## রেলের অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের দ্বিতীয় পর্যায়ের কম্পিউটার টেস্টের ফল বেরোল

কলকাতা-সহ সারা ভারতের বিভিন্ন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বিজ্ঞপ্তি নং ১/২০২৪'এর অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের দ্বিতীয় পর্যায়ের যে কম্পিউটার বেসড টেস্ট ১৯ মার্চ, ২ মে ও ৬ মে হয়েছিল, তার ফল বেরিয়েছে। সফলদের অ্যাপ্টিটিউট টেস্ট হবে ১৫ জুলাই থেকে। সফলদের রোল নম্বরের তালিকা পাবেন সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইটে।

গ্র্যাজুয়েশন শেষ?
এবার ভবিষ্যতের প্রস্তুতি শুরু হোক!
সরকারি চাকরি পাওয়ার প্রথম পদক্ষেপ এখন থেকেই!

আজই যোগাযোগ করুন সঠিক গাইডেন্স-এর জন্য!
সাথে পাচ্ছেন এক্সক্লুসিভ সুবিধা
- কেরিয়ার কাউন্সেলিং
- স্ট্রাটেজিক অ্যাকাডেমিক গাইডেন্স
- এক্সাম ফর্ম ফিলআপ সহায়তা
- স্যাম্পল নোটস, মক টেস্ট, কারেন্ট অ্যাফেয়ার্স ম্যাগাজিন এবং আরও অনেক কিছু...

সামনে রয়েছে ২৫,০০০+ পদে সরকারি চাকরির সুযোগ!
তাই আর দেরি নয় — আজই শুরু হোক আপনার স্বপ্নপূরণের পথ!

RICE EDUCATION

RICE-এর ছাত্রছাত্রীদের দুর্দান্ত সাফল্য! WBCS 2022 Gr-A & B তে আবারও রেকর্ড!

2 — RITIKA GHOSH, WBCS 2022 Gr-B, West Bengal Police Service, Roll-0102063, CML-3, Ariadaha, 24 PGS (N)
5 — SK MONJUR AHAMMED, WBCS 2022 Gr-A, Executive, Roll-0500670, CML-7, Ghatal, Paschim Medinipur, Residential under WBMDFC
7 — MANJIL DAS, WBCS 2022 Gr-A, Executive, Roll-0605290, CML-9, Belilions Lane, Howrah
1 — PRITHWISH NATH, WBCS 2022 Gr-A, West Bengal Revenue Service, Roll-0408516, CML-14, Khardaha, 24 PGS (N)
13 — SUPRIYA PANDEY, WBCS 2022 Gr-A, Executive, Roll-1803671, CML-16, Shamserganj, Murshidabad
5 — INDRANIL BARUA, WBCS 2022 Gr-B, West Bengal Police Service, Roll-0417400, CML-21, Sodepur, 24 PGS (N)
18 — RIYA SINGHA, WBCS 2022 Gr-A, Executive, Roll-0125319, CML-21, Nalagola, Malda
20 — ROUSAN HABIB, WBCS 2022 Gr-A, Executive, Roll-0108004, CML-30, Jalangi, Murshidabad
10 — SANTU BANKURA, WBCS 2022 Gr-A, West Bengal Revenue Service, Roll-1002535, CML-34, Sabang, Paschim Medinipur
13 — PIJUSH BISWAS, WBCS 2022 Gr-A, West Bengal Revenue Service, Roll-0409271, CML-37, Hanskhali, Nadia
19 — NARAYAN SARKAR, WBCS 2022 Gr-A, West Bengal Revenue Service, Roll-2002704, CML-46, Raiganj, Uttar Dinajpur
22 — SAAD AHMAD, WBCS 2022 Gr-A, Executive, Roll-0411070, CML-47, Titagarh, 24 PGS (N), Residential under WBMDFC
3 — SIDDHANTA GHOSH, WBCS 2022 Gr-A, West Bengal Labour Service, Roll-0100376, CML-64, South Dumdum, Kolkata
4 — RITWIK MAHAPATRA, WBCS 2022 Gr-A, WB Food & Supplies Service, Roll-0401898, CML-66, Belda, Paschim Midnapur
5 — AVIJIT CHAKRABORTY, WBCS 2022 Gr-A, WB Food & Supplies Service, Roll-1801431, CML-68, English Bazar, Malda
7 — DEBASHIS CHATTERJEE, WBCS 2022 Gr-A, WB Food & Supplies Service, Roll-0202793, CML-71, Baruipur, 24 PGS (S)
8 — SAYAN KUMAR MUKHERJEE, WBCS 2022 Gr-A, WB Food & Supplies Service, Roll-0406115, CML-74, Rahara, Khardaha, 24 PGS (N)

Classroom | Online | Residential
IAS | WBCS | PSC | SSC | Rail | Police | Bank | TET | Insurance

Head Office : "Dishari House", Belgharia 84799 02085 / 84799 18051
Sealdah (City Office) 84799 17959 / 84799 18013
RICE IAS Centre, Sealdah 81008 19447, 81009 71442

Residential program available at Adamas Knowledge City, Barasat

Our other Branches
Arambag | Bardhaman | Berhampore | Behala | Coochbehar | Durgapur | Gangarampur | Jalpaiguri | Malda | Midnapore | Siliguri | Sonarpur | Tamluk

For All Branches 62921 90230
riceeducation.in

RICE Education-এর প্রাক্তন শিক্ষার্থী যারা এখনও সাফল্যের জন্য প্রস্তুতি নিচ্ছেন, আমরা আপনাদের পাশে আছি। আজই যোগাযোগ করুন!

Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com